## ২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পর ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| **০১** | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | **০৫** | **০৫** | **-** | **-** | **৩** | **-** | **-** | **৩** | **-** |

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৫

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ কাজে সময়ক্ষেপণ; (৩) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৪) প্রকল্প গ্রহণের সময় সুদৃঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

| সমস্যা | | সুপারিশ | |
|---|---|---|---|
| (১) | | (২) | |
| ৩.১ | প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে । | ৩.১ | ভবিষ্যতে প্রকল্প গ্রহণের সময় প্রকল্পের মালামাল ও যন্ত্রপাতি প্রকল্প সমাপ্তির পূর্বেই টিওএন্ডই ভুক্ত করার কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৩.২ | ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিস্টার ও দর্শনার্থী রেজিস্টার চলমান রাখতে হবে এবং আবশ্যিকভাবে ট্যাগিং নাম্বার দিতে হবে। | ৩.২ | ভবিষ্যতে প্রকল্প চলমান অবস্থায় ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিস্টার ও দর্শনার্থী রেজিস্টার আবশ্যিক ভাবে সংরক্ষনের ব্যবস্থা নিতে হবে। |
| ৩.৩ | বৈজ্ঞানিক মূল্যবান এই যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে বস্তুবিজ্ঞান বিভাগ, পরমণু শক্তি কেন্দ্র ঢাকা-এর অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে বিশেষ বরাদ্দ ব্যবস্থা করে অগ্নিনির্বাপক ব্যবস্থার কাজ করতে হবে। | ৩.৩ | পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে বৈজ্ঞানিক মূল্যবান যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থার সংস্থান ডিপিপিতে অর্ন্তভূক্ত করতে হবে। |
| ৩.৪ | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৮ জানুয়ারি/২০০৬ তারিখের পরিপত্র অনুযায়ী সমাপ্ত প্রকল্পের ক্রয়কৃত জীপ গাড়ীটি কেন্দ্রীয় পরিবহন পুলে জমা প্রদান করতে হবে। পরিবহন পুলে এখনও জমা দান না করার কারন কি তা আইএমইডিকে অবহিত করতে হবে। | ৩.৪ | পরবর্তী প্রকল্পের সমাপ্তির সাথে সাথে গাড়ীসমূহ কেন্দ্রীয় পরিবহণ পুলে আবশ্যিক ভাবে জমাদানের ব্যবস্থা নিতে হবে। |

| সমস্যা | | সুপারিশ | |
|---|---|---|---|
| (১) | | (২) | |
| ৩.৫ | প্রকল্পটি শেষ হয়েছে ডিসেম্বর, ২০১৮ সালে, কিন্তু রাজস্বখাতে এখনো জনবল নিয়োগ হয়নি এবং জনবল নিয়োগ না হওয়ায় প্রতিষ্ঠানটির কার্যক্রম ভালভাবে পরিচালিত হচ্ছে না। দুধওদুগ্ধজাতএবংফার্মেন্টেডখাদ্যপণ্যগবেষণা শাখাটির কার্যক্রম টেকসই ও শক্তিশালি করার জন্য প্রয়োজনীয় পদ সৃজন করে দ্রুত জনবল নিয়োগ প্রদানের ব্যবস্থা নিতে হবে। | ৩.৫ | প্রকল্প সমাপ্তির ১ বছর পূর্বেই স্থায়ী জনবল নিয়োগের জন্য অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প পরিচালকগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

# পরমাণু শক্তি কেন্দ্র ঢাকা এর বস্তু বিজ্ঞান বিভাগে ন্যানো এবং ন্যানো জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক সমাপ্তি প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ৩০ জুন ২০১৯)

১. প্রকল্পের নাম: পরমাণু শক্তি কেন্দ্র ঢাকা এর বস্তু বিজ্ঞান বিভাগে ন্যানো এবং ন্যানো জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি।

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৩. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

৪. প্রকল্পের ধরণ: বিনিয়োগ

৫. অর্থায়নের উৎস: জিওবি

৬. উন্নয়ন সহযোগী (যদি থাকে): প্রযোজ্য নয়।

৭. প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | অনুমোদনের তারিখ | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|
| | মোট | জিওবি | | |
| মূল | ৪৮২৯.০০ | ৪৮২৯.০০ | ০৭/১১/২০১৬ | অক্টোবর ২০১৬ হতে জুন ২০১৯ |
| সংশোধিত (১ম) | ৫৫৫২.০০ | ৫৫৫২.০০ | ১১/০৭/২০১৮ | অক্টোবর ২০১৬ হতে জুন ২০১৯ |

৮. **প্রকল্প এলাকা:** ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

৯. **প্রকল্পের উদ্দেশ্য:**

- কৃত্তিম উপায়ে ন্যানো বস্তু কণার পৃষ্ঠতলের পরিবর্তনের মাধ্যমে তার প্রযুক্তিগত পরিবর্তন সাধন।
- ন্যানোবিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে ট্রান্সমিশন ইলেক্ট্রন মাইক্রোস্কোপ এর প্রয়োগ ও ব্যবহার।
- নিউক্লিয়ার ম্যাগনেটিক রেজোনেন্স পদ্ধতি প্রয়োগ করে উদ্ভাবিত ন্যানো বস্তু কণা নির্ভর MRI ও ডাই এর সক্ষমতা নির্ণয়।
- আবেশন উত্তাপ (Induction heating) প্রয়োগ করে উদ্ভাবিত ন্যানোচুম্বকীয় বস্তু কণা দ্বারা ক্যান্সার কোষ ধ্বংসের সক্ষমতা নির্ণায়।
- ট্রান্সমিশন ইলেক্ট্রন মাইক্রোস্কোপ ও MRI প্রযুক্তিতে মানবসম্পদ উন্নয়ন।
- উপরোক্ত গবেষণাসমূহ গবেষণা পর্যায় থেকে ক্লিনিক্যাল পর্যায়ে উত্তরণ।

প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:

১০. **অর্থবছর ভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও বাস্তবায়ন অবস্থা:** (লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি সংস্থান (লক্ষ টাকা) | এডিপি/ আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|
| ২০১৬-২০১৭ | ২৩৫.০০ | ১৫৪.০০ | ১৫৪.০০ | ১৫৪.০০ |
| ২০১৭-২০১৮ | ২৩৮০.০০ | ২৩৩৬.০০ | ২৩৩৬.০০ | ২৩৩৬.০০ |
| ২০১৮-২০১৯ | ২২১৪.০০ | ৩০৬২.০০ | ৩০৪৭.০০ | ৩০২৭.০০ |

১১. **অঙ্গভিত্তিক অগ্রগতি:** (লক্ষ টাকা)

| ক্রমিক নং | অঙ্গের নাম | একক | ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | | | ক্রমপুঞ্জিত অগ্রগতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | | | ০৫ | | | |
| (ক) রাজস্ব: | | | | | | | | | | |
| | | | বাস্তব পরিমাণ | আর্থিক | | | বাস্তব পরিমাণ | আর্থিক | | |
| | | | | জিওবি | প্র:সা: | মোট | | জিওবি | প্র:সা: | মোট |
| | সরবরাহ ও সেবা | | | ১৩১.০০ | | ১৩১.০০ | | ১৩১.০০ | | ১৩১.০০ |
| | বুকস এন্ড জার্ণাল | | | ০৫.০০ | | ০৫.০০ | | ০৫.০০ | | ০৫.০০ |
| | মেরামত, সংরক্ষণও পুনর্বাসন | | | ৩০৫.০০ | | ৩০৫.০০ | | ৩০৫.০০ | | ৩০৫.০০ |
| উপমোট (রাজস্ব) | | | | ৪৪১.০০ | | ৪৪১.০০ | | ৪৪১.০০ | | ৪৪১.০০ |
| (খ) মূলধন: | | | | | | | | | | |
| | বৈদেশিক যন্ত্রপাতি | | | ৪৬৯৪.০০ | | ৪৬৯৪.০০ | | ৪৬৯৪.০০ | | ৪৬৯৪.০০ |
| | স্থানীয় যন্ত্রপাতি | | | ২৮৮.০০ | | ২৮৮.০০ | | ২৮৮.০০ | | ২৮৮.০০ |
| | আসবাবপত্র | | | ২০.০০ | | ২০.০০ | | ২০.০০ | | ২০.০০ |
| | সিডি/ভ্যাট | | | ৯৪.০০ | | ৯৪.০০ | | ৭৪.০০ | | ৭৪.০০ |
| উপমোট (মূলধন) | | | | ৫০৯৬.০০ | | ৫০৯৬.০০ | | ৫০৭৬.০০ | | ৫০৭৬.০০ |
| (গ) ফিজিক্যাল কনটিনজেন্সি | | | | ৫.০০ | | ৫.০০ | | | | |
| (ঘ) প্রাইস কনটিনজেন্সি | | | | ১০.০০ | | ১০.০০ | | | | |
| সবমোট (ক+খ+গ+ঘ) | | | | ৫৫৫২.০০ | | ৫৫৫২.০০ | | ৫৫১৭.০০ | | ৫৫১৭.০০ |

১২. **ডিপিপি অনুসারে মোট প্যাকেজ সংখ্যা:** পণ্য প্যাকেজ ৪৩টি। কার্য ও সেবা প্যাকেজ নেই।

১৩. **পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:**

| প্যাকেজ নং এবং প্রাক্কলিত মুল্য | ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহ্বানের তারিখ | চুক্তির তারিখ | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| GD1 ৭২ লাখ | ৩০.০৫.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| | ৩০.০৫.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |
| GD2 ৩২ লাখ | ৩০.০৫.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| | ৩০.০৫.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |
| GD3 ৪৭ লাখ | ৩০.০৫.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| | ০৫.০৯.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |
| GD3 ৩৫ লাখ | ৩০.০৫.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| | ০৫.০৯.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |
| GD5 ২২ লাখ | ০৮.০৬.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| | ০৮.০৬.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |
| GD6 ৩০ লাখ | ০৮.০৬.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| | ০৮.০৬.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |

| প্যাকেজ নং এবং প্রাক্কলিত মুল্য | ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহ্বানের তারিখ | চুক্তির তারিখ | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| GD7 | ০৮.০৬.২০১৭ | ০৫.০৯.২০১৭ | ০২.০২.২০১৮ | ০২.০২.২০১৮ | |
| ২৫ লাখ | ০৮.০৬.২০১৭ | ০৫.০৯.২০১৭ | | | |
| GD8 | ০৫.০৬.২০১৭ | ০৭.০৯.২০১৭ | ০২.১০.২০১৮ | ০২.১০.২০১৮ | |
| ৩৩০ লাখ | ০৫.০৬.২০১৭ | ০৭.০৯.২০১৭ | | | |
| GD9 | ০৫.০৬.২০১৭ | ০৭.০৯.২০১৭ | ০২.১০.২০১৮ | ০২.১০.২০১৮ | |
| ৮৪০ লাখ | ০৫.০৬.২০১৭ | ০৭.০৯.২০১৭ | | | |
| GD10 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ২৮৫ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD11 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ১৭০০ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD12 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ৬১৫ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD13 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ৫০০ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD14 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ২০ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD15 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ৩৫ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD16 | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | ২০.০৯.২০১৮ | ২০.০৯.২০১৮ | |
| ৮০ লাখ | ০৫.০৪.২০১৮ | ২৫.০৭.২০১৮ | | | |
| GD17 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ০৬ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD18 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ২০ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD19 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ১০ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD20 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ১৫ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD21 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ৭ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD22 | ০৮.০২.২০১৮ | ১২.০৩.২০১৮ | ০৫.০৪.২০১৮ | ০৫.০৪.২০১৮ | |
| ১০ লাখ | ০৮.০২.২০১৮ | ১২.০৩.২০১৮ | | | |
| GD23 | ০৮.০২.২০১৮ | ১২.০৩.২০১৮ | ০৫.০৪.২০১৮ | ০৫.০৪.২০১৮ | |
| ৬০ লাখ | ০৮.০২.২০১৮ | ১২.০৩.২০১৮ | | | |
| GD24 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ১৫ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD25 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ২ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD26 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ২ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD27 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ১ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |

| প্যাকেজ নং এবং প্রাক্কলিত মুল্য | ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহ্বানের তারিখ | চুক্তির তারিখ | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| GD28 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ১৫ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD29 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ১২ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |
| GD30 | ০৫.০৫.২০১৮ | ২০.০৬.২০১৮ | ২৮.০৬.২০১৮ | ২৮.০৬.২০১৮ | |
| ১৫ লাখ | ০৫.০৫.২০১৮ | ২০.০৬.২০১৮ | | | |
| GD31 | ০৫.০৫.২০১৮ | ২০.০৬.২০১৮ | ২৮.০৬.২০১৮ | ২৮.০৬.২০১৮ | |
| ৭৫ লাখ | ০৫.০৫.২০১৮ | ২০.০৬.২০১৮ | | | |
| GD32 | ০৫.০৫.২০১৮ | ২০.০৬.২০১৮ | ২৮.০৬.২০১৮ | ২৮.০৬.২০১৮ | |
| ১২ লাখ | ০৫.০৫.২০১৮ | ২০.০৬.২০১৮ | | | |
| GD33 | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | ২৯.১০.২০১৭ | |
| ৩ লাখ | ২৫.০৭.২০১৭ | ২৩.১০.২০১৭ | | | |

১৪. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| প্রকল্প পরিচালক এর নাম ও মোবাইল নং | পদবি ও মুল দপ্তর | দ্বায়িত্বকাল | দ্বায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ড. প্রকৌশলী শেখ মনজুরা হক ০১৭১২০৪৪১৫৫ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা বস্তু বিজ্ঞান বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা | অক্টোবর ২০১৬ হতে জুন ২০১৯ | নিয়মিত | |

## প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৫. **পরিদর্শনকৃত এলাকা:** বাংলাদেশ পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকার বস্তু বিজ্ঞান বিভাগে ন্যানো এবং ন্যানো জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি প্রকল্প এলাকা গত ১৪/০২/২০২১ তারিখ জনাব এস, এম মাহবুবুল হক সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সরেজমিনে পরিদর্শন করেন। এ সময় ড. প্রকৌশলী শেখ মনজুরা হক, প্রকল্প পরিচালক (প্রাক্তন) ও বর্তমানে প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বস্তুবিজ্ঞান বিভাগ, ড. মোঃ মাহবুবুল হক, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও জনাব মোঃ এমরান হোসেন, হিসাবরক্ষণ কর্মকর্তা উপস্থিত ছিলেন। প্রকল্পের বিভিন্ন বিষয় নিয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা, রেকর্ডপত্র ও সরেজমিনে পরিদর্শন করা হয়।

১৬. **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১৭. **সার্বিক পর্যবেক্ষণ:** বাংলাদেশ পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকার বস্তু বিজ্ঞান বিভাগে ন্যানো এবং ন্যানো জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্পটি জিওবি টাকায় প্রাক্কলিত ব্যয় ৪৮.২৯ লক্ষ টাকা এবং এর মেয়াদকাল ছিল অক্টোবর ২০১৬ হতে জুন ২০১৯ পর্যন্ত। পরবর্তীতে অক্টোবর ২০১৬ হতে জুন ২০১৯ মেয়াদে প্রাক্কলিত ব্যয় ৫৫.৫২ লক্ষ টাকা ১ম সংশোধিত হয়। এ প্রকল্পে প্যাকেজ সংখ্যা ৪৩টি পণ্য। ডিপিপি অনুসারে বৈদেশিক যন্ত্রপাতি এবং স্থানীয় যন্ত্রপাতি মোট ৬২টি যন্ত্রপাতি সংগ্রহ করা হয়েছে। অপরদিকে মোট ৫২টি আসবাবপত্র ক্রয় করা হয়েছে মর্মে সমাপ্তি

প্রতিবেদনে দেখা যায়। সংশোধিত ডিপিপিতে রিনোভেশন, মেরামত ও মেইনটেনেন্স এর খাতে ৬টি আইটেম প্রাক্কলনকৃত মর্মে (৪টি আইটেম মূল ডিপিপিতে বরাদ্দকৃত ১৯৫.০০ লক্ষ টাকা) ৩০৫.০০ লক্ষ টাকা বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পটি ডিপিপি অনুসারে নির্ধারিত সময় অর্থাৎ জুন ২০১৯ সময়ের মধ্যে সমাপ্ত করা হয়েছে। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রাক্কলিত ব্যয় ও প্রকৃত ব্যয় সকল ক্ষেত্রে সমান সমান হওয়ার কারন হওয়ার কারণ জানার প্রয়োজন।

১৮. **ক্রয় পর্যালোচনা:** ডিপিপি অনুসারে প্যাকেজ সংখ্যা মোট ৪৩টি পণ্য প্যাকেজ রয়েছে। কোন কার্য ও সেবা প্যাকেজ নেই। ডিপিপিতে বর্ণিত প্যাকেজ অনুসারে OTM পদ্ধতীতে ক্রয় কার্য সম্পন্ন হয়েছে। সকল টেন্ডারসমূহ ইজিপির মাধ্যমে সম্পন্ন করা হয়েছে। তবে এর মধ্যেকিছু কিছু আইটেম কোটেশনের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। উল্লেখ্য যে, ডিপিপিতে বর্ণিত প্যাকেজ অনুসারে ক্রয় কার্য সম্পন্ন হয়েছে, কোন প্যাকেজ ভাংগা হয়নি। আলোচ্য প্রকল্পের বিভিন্ন বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত বিনির্দেশ ও ব্যয় প্রাক্কলন নির্ধারণের জন্য ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটি কর্তৃক ব্যয় প্রাক্কলন অনুসারে টেন্ডার গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। সে প্রেক্ষিতে কাগজপত্র পর্যালোচনা করা হয়। কিন্তু উক্ত কমিটির বিনির্দেশ ও ব্যয় প্রাক্কলনের কাগজপত্র চাওয়া হলে তা প্রদর্শন করতে পারেননি। সে প্রেক্ষিতে কি ভিত্তিতে বিনির্দেশ ও মূল্য নির্ধারণ করা হয়েছে তা স্পস্ট হওয়া গেল না। তবে প্যাকেজ অনুসারে ক্রয়কার্যক্রমের ক্ষেত্রে মূল্য নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে। মূল ডিপিপিতে বৈদেশিক যন্ত্রপাতি প্যাকেজ সংখ্যা ছিল ১২টি যার মূল্য ছিলো ৩৮৭৫.০০ লক্ষ টাকা এবং দেশীয় যন্ত্রপাতির প্যাকেজ ছিল ১৪টি যার মূল্য ছিল ১৫৫.০০ লক্ষ টাকা। সংশোধিত ডিপিপিতে মূল্য ও সংখ্যা বৃদ্ধি পেয়ে বৈদেশিক যন্ত্রপাতি সংখ্যা ১৬টি মূল্য ৪৬৬৮.০০ লক্ষ টাকা এবং দেশীয় যন্ত্রপতি সংখ্যা ৩৩টি মূল্য ২৮৮.০০ লক্ষ টাকা। যন্ত্রপাতির সংখ্যা ও মূল্য বৃদ্ধির কারনে অর্থের প্রাক্কলন বেড়ে যায়। সে কারনে ব্যয় বৃদ্ধি হয়েছে কিন্তু নতুন অন্তর্ভুক্ত যন্ত্রপাতিসমূহের বিনির্দেশ ও বাজার মূল্য নির্ধারণের বিষয়ে তথ্য চাওয়া হলে এ বিষয়ে কোন তথ্য পাওয়া যায়নি। কারিগরি কমিটি কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশন অনুসারে যন্ত্রপাতিসমূহ গ্রহণ করা হয়েছে। কিন্তু যন্ত্রপাতিসমূহ সরাসরি বস্তু বিজ্ঞান বিভাগের সংশ্লিষ্ট শাখার ব্যক্তিদের দ্বারা গ্রহণ করা হয়েছে মর্মে দেখা যায়। এই গ্রহণ পদ্ধতিটি সঠিক হয়নি। কারিগরি কমিটি কর্তৃক স্পেসিফিকেশন অনুযায়ী সরেজমিনে যাচাইপূর্বক যন্ত্রপাতিসমূহ গ্রহণ করাই যৌক্তিক ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৯. **রিনোভেশন, মেরামত ও মেইনটেন্স:** এই কাজটি মূল ডিপিপিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ অংগ হিসেবে ৪টি মোট ১৯৫.০০ লক্ষ টাকা দেখানো হয়েছে। কিন্তু এর জন্য কোন প্যাকেজ নির্ধারণ করা হয়নি। পরবর্তীতে সংশোধিত ডিপিপিতে ২টি আইটেম বোর্ড এই খাতে ব্যয়ে ৬টি আইটেম মোট ৩০৫.০০ লক্ষ টাকা ব্যয় নির্ধারণ করা হয়। এই মেরামত খাতটি কোন প্যাকেজ ডিপিপিতে অন্তর্ভক্ত দেখানো হয়নি। এই কাজসমূহের ক্ষেত্রে কাজের পরিমাণ ও মূল্য নির্ধারণ কমিটির মাধ্যমে সম্পন্ন করা হয়। এ ক্ষেত্রে পরমাণু শক্তি কমিশনের ইঞ্জিনিয়ারিং বিভাগ কর্তৃক ইজিপির মাধ্যমে করা হয়। কার্য সম্পাদনের সময় কমিটি কর্তৃক মনিটরিং করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। তাছাড়া পরমাণু শক্তি কেন্দ্রের উর্দ্ধতন কারিগরি কর্মকর্তা কর্তৃক স্বার্বক্ষনিক মনিটরিং করেছেন মর্মে জানান যায়। তবে এ ক্ষেত্রে কোন পরিদর্শন/ মনিটরিং বহি সংরক্ষণ করা হয়নি।

২০. **সম্পদ হিসাব সংরক্ষণ:** এই প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি ও আসবাবপত্রের জন্য একটি সম্পদ বই সংরক্ষণ করা নেই। তবে যন্ত্রপাতিসমূহের তালিকা করা আছে। প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতি এ আসবাবপত্রের একটি তালিকা পরমাণু শক্তি কমিশনের একটি সম্পদ হিসাব বই জমা দিতে হবে। উক্ত সম্পদ হিসাব বহিতে পূর্ত কাজ সংক্রান্ত সংস্কার ও মেরামত কাজের বিবরণ এবং হিসাবের সংরক্ষণ রাখতে হবে।

২১. **জনবল:** ডিপিপি অনুসারে প্রকল্পের জনবল কাঠামো সঠিকভাবে বলা নেই তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক জনবলের কোন সংখ্যা দেখা যায় না। ডিপিপিতে বস্তুবিজ্ঞান বিভাগ পরমানু শক্তি কেন্দ্রে মোট ১৭ জন্য জনবলের সংস্থানের কথা বলা আছে। উক্ত জনবলই প্রকল্পের বাস্তবায়নে সহায়ক হবে মর্মে উল্লেখ আছে। নতুন জনবলের প্রয়োজন নেই বলে উল্লেখ আছে। সে ক্ষেত্রে প্রকল্প পরিচালক ও অন্যান্য জনবলের যোগ্যতা ও অভিজ্ঞতার বিষয়টি স্পষ্ট না থাকায় উক্ত বিভাগের বিদ্যমান জনবলই কার্যক্রম পরিচালনা করেন। যদিও বেতন ভাতা খাতে প্রকল্প হতে কোন অর্থ ব্যয় করা হয়নি মর্মে জানা যায়।

২২. **সাংগঠন কাঠামোভুক্তকরণ:** প্রকল্পের আওতায় সংগৃহীত মূল্যবান এই যন্ত্রপাতিসমূহ প্রকল্প চলাকালীন সময়ে ব্যয় নির্বাহ করা হয়েছে প্রকল্পের বরাদ্দকৃত অর্থ দিয়ে। প্রকল্প সমাপ্তির পরে এই যন্ত্রপাতিসমূহের স্বাভাবিক গতি ও মেরামত/পরিচালনা

ব্যয়ের ক্ষেত্রে অর্থের সংস্থান কিভাবে হবে সে বিষয়ে যথাসময়ে কোন ব্যবস্থা নেয়া হয়নি। প্রকল্প শেষ হওয়ার সাথে সাথে পরমাণূ শক্তি কমিশনের টি ও এন্ড ই ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করা জরুরি ছিলো। পিসিআর এর অনুচ্ছেদ-G ক্রমিক ৪.৩ এ বলা হয়েছে যে, বস্তুবিজ্ঞান বিভাগ, পরমাণু শক্তি কেন্দ্রে স্থাপিত যন্ত্রপাতিসমূহের অপারেশন ও মেইনটেন্সের জন্য বাৎষরিক ২০ লক্ষ টাকা প্রয়োজন মর্মে প্রস্তাব করা হয়েছে। কিন্তু এ বিষয়ে কোন সিদ্ধান্ত ছিল না। সে ক্ষেত্রে প্রকল্প সমাপ্ত পরবর্তীকালে টি ও এন্ড ই ভুক্তকরণের আগ পর্যন্ত এই ব্যয় নির্বাহের জন্য পরমাণু শক্তি কমিশনের মূল প্রশাসনের নিকট প্রস্তাব রাখা প্রয়োজন ছিল। পরিদর্শনকালে জানান যায় যে, অত্যধুনিক মূল্যবান এই যন্ত্রপাতিসমূহের সাথে প্রায় ৫০টি বিশেষ ধরণের ব্যাটরির সংযোগ রয়েছে। উক্ত ব্যাটারিসমূহের ওয়ারেন্টির মেয়াদকাল আগামী কয়েক মাসের মধ্যে শেষ হয়ে যাবে। সে অবস্থায় নতুন ব্যাটারির প্রতিস্থাপন করা না হলে যন্ত্রপাতিসমূহ ব্যবহার করা সম্ভাব হবে না। সে ক্ষেত্রে এখন থেকে এ বিষয়ে দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে। এখানে উল্লেখ্য যে, প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্পের আওতায় ক্রয়কৃত স্থাপিত যন্ত্রপাতিসমূহ পরমাণু শক্তি কমিশনের টি ও এন্ড ই ভুক্তকরণের জন্য একটি ইউও নোট কমিশন বরাবরে প্রকল্পের সমাপ্তের ১ বছর পর দাখিল করেছেন। এ বিষয়ে এখন পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে জানা যায়। সে ক্ষেত্রে এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় পরমাণু শক্তি কমিশনকে তাগিদ দেয়া প্রয়োজন।

২৩. **অডিট সংক্রান্ত তথ্যাদি:**

| সময় | অডিট প্রতিবেদন দাখিলের সময় | অডিট আপত্তি | আপত্তির জবাব | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| ২০১৭-২০১৮ | ১৮.০৩.২০১৯-২১.০৩.২০১৯ | (১) অর্থবছর শেষে অব্যয়িত ৩,৩৭৪০৬/-টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়নি। | সরবরাহকারী প্রতিষ্ঠান বিল পরে দাখিল করায় পরে বিলটি পরিশোধ করা হয়েছে। | নিষ্পত্তি |
| | | (২) সিডিউল বিক্রির ১,৫৫,০০০/-টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি | সিডিউল বিক্রির অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। | নিষ্পত্তি |
| | | (৩) ব্যাংক সুদ বাবদ প্রপ্ত ৫৮৪৪০/-টাকা সরকারি কোষাগারে জমা করা হয়নি | ব্যাংক সুদের অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। | নিষ্পত্তি |
| | | (৪) আয়কর বাবদ ১,৩২,২৩০/-টাকা কম কর্তন করায়/কর্তন না করায় সরকারি রাজস্ব ক্ষতি | ঠিকাদারী প্রতিষ্ঠানের জামানত হইতে আপত্তিকৃত আয়কর অর্থ কর্তন করে সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। | নিষ্পত্তি |
| | | (৫) কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি এর মাধ্যমে আববাবপত্র সরবরাহ বাবদ ১১,১০,০০০/- টাকা অনিয়মিত ব্যয় | অনুমোদিত ডিপিপিতে SRFQ থাকায় এবং deligation of financial powers অনুযায়ী SRFQ করা হয়েছে। | অনিষ্পত্তি |
| ২০১৮-২০১৯ | ০৪.০২.২০২০-০৯.০২.২০২০ | (১) ডিপিপিতে প্রশিক্ষণ খাতে বরাদ্দ না থাক সত্ত্বেও অনিয়মিতভাবে ৬০,০০০/-টাকা প্রশিক্ষণ ভাতা পরিশোধ | প্রকল্প বাস্তবায়নের জন্য উক্ত প্রশিক্ষণ অতীব জরুরী ছিল। উক্ত অর্থ প্রকল্পের সরবরাহ সেবা খাতের বিবিধ বরাদ্দ হইতে প্রশিক্ষণ ফি পরিশোধ করা হয়েছে। | জবাব প্রদান করা হয়েছে |
| | | (২) সেমিনার/কর্মশালা খাতে উপস্থিতি তালিকা অপেক্ষা অধিক হারে দুপুরের খাবার বাবদ অতিরিক্ত পরিশোধ জড়িত অর্থ ৬১,২০০/-টাকা | প্রকল্পের সেমিনার/কর্মশালা এ আমন্ত্রিত অতিথিদের হিসাব অনুযায়ী দুপুরের খাবারের ব্যবস্থা করা হয়েছিল। আমন্ত্রণপত্র এবং অতিথিদের তালিকাসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | জবাব প্রদান করা হয়েছে |
| | | (৩) সেমিনার/কর্মশালা সম্পন্ন করার পর কার্যবিবরণী প্রস্তুত না | প্রকল্পের সেমিনার/কর্মশালার স্টেক হোল্ডাদের মতামতের ভিত্তিতে যে দুটি | জবাব প্রদান করা হয়েছে |

| সময় | অডিট প্রতিবেদন দাখিলের সময় | অডিট আপত্তি | আপত্তির জবাব | বর্তমান অবস্থা |
|---|---|---|---|---|
| | | করায় ডিপিপিতে স্টেক হোল্ডারদের মতামত প্রতিফলিত হয়নি। জড়িত অর্থ -৬,৭২,৫১০/- টাকা | কার্যবিরণী প্রস্তুত করা হইয়াছে তা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | |
| | | (৪) আমদানিকৃত ল্যাবরেটরী মালামাল জাহাজীকরণ এর মাধ্যমে আনয়ন না করে বিমানযোগে আনয়ন করায় মালামালের ঝুকিসহ এয়াগয়ে বিল বাবদ ৩৭,৭১,১১২/- টাকা অতিরিক্ত ব্যয় | প্রকল্পটি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য এবং প্রকল্পের কারিগরি কমিটির সুপারিশ মোতাবেক ল্যাবরেটরীর যন্ত্রসমূহ জাহাজের পরিবর্তে বিমানযোগে আনয়ন করা হয়েছে। | জবাব প্রদান করা হয়েছে |
| | | (৫) অর্থবছর শেষে প্রকল্পের বাজেট বরাদ্দ, অবমুক্তির পরিমান, প্রকৃত ব্যয় ও অব্যয়িত অর্থ সমর্পণের হিসাব প্রধান ডহসাব রক্ষণ কর্মকর্তার রিকনসিলিয়েশনসহ অর্থ বিভাগে প্রেরণ না করা | অর্থবছর শেষে প্রধধান হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট রিকনসিলিয়েশন প্রেরণ করা হয়েছিল। এবং কপিটি অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | জবাব প্রদান করা হয়েছে |
| | | (৬) ঠিকাদার/সরবরাহরীর বিলের উপর নির্ধারিত হার অপেক্ষা কম হারে আয়কর কর্তণ করায় সরকারর ১৭,০৬০/- টাকা রাজস্ব ক্ষতি | ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হইতে উক্ত আয়করের অর্থ আদায় করে সরকারী কোষাগারে জমা প্রদাণ করা হইয়াছে। চালানের কপিটি অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। | জবাব প্রদান করা হয়েছে |

*২০১৭-২০১৮ অর্থবছরের ৫ নং ক্রমিকে অডিট আপত্তিটি নিষ্পতি করা হয়নি। আপত্তির বিষয়ে জবাব প্রদান করা হয়েছে। এ বিষয়ে অডিট বিভাগের সাথে যোগাযোগপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ২০১৮-১৯ অর্থবছরের ৪ নং ক্রমিকে অডিট আপত্তিটির বিষয়ে যে জবাব প্রদান করা হয়েছে তা স্পষ্ট নয়। এ ক্ষেত্রে পিআইপি এবং পিএসসি এর সিদ্ধান্ত গ্রহণপূর্বক কার্যক্রম গ্রহণ করা সমীচীন ছিল মর্মে প্রতীয়মান হয়।

২৪. **প্রকল্প পরিদর্শন সংক্রান্ত:** (ক) আইএমইডি কর্তৃক পরিদর্শন সংক্রান্ত:

| পরিদর্শন কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনের তারিখ |
|---|---|
| মোঃ এনামুল আহসান, উপ-পরিচালক, সেক্টর-৭ | ২৫/০৪/২০১৮ |
| ড. রনজিৎ কুমার সরকার, পরিচালক, সেক্টর-৭ | ১৮/০৪/২০১৯ |

(খ) **প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন সংক্রান্ত:**

| পরিদর্শন কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনের তারিখ |
|---|---|
| মোঃ মাকসুদ আলম<br>সিনিয়র সহকারী প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের | ০৯.০৭.২০১৯ |

২৫. **পিআইসি সভা সংক্রান্ত:**

| অর্থবছর | ডিপিপি অনুযায়ী সংখ্যা | অনুষ্ঠিত পিআইসি সভা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০১৬-১৭ | ৬ | ১ | প্রকল্প দাখিল অনুসারে লক্ষমাত্রা থেকে ৮টি সভা করা হয়নি। |
| ২০১৭-১৮ | ৬ | ৫ | |
| ২০১৮-১৯ | ৬ | ৪ | |
| মোট | ১৮ | ১০ | |

২৫.১ **স্টিয়ারিং সভা সংক্রান্ত:**

| অর্থবছর | ডিপিপি অনুযায়ী সংখ্যা | অনুষ্ঠিত স্টিয়ারিং সভা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০১৬-১৭ | ১ | ০ | প্রকল্প দাখিল অনুসারে লক্ষমাত্রা থেকে ৫টি সভা করা হয়নি। |
| ২০১৭-১৮ | ৪ | ২ | |
| ২০১৮-১৯ | ৪ | ২ | |
| মোট | ৯ | ৪ | |

➢ **সবশেষ স্টিয়ারিং কমিটির সভা সংক্রান্ত:**

| সভার তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১২.০২.২০১৯ | (১) চলতি অর্থবছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থের চাহিদাপত্র প্রকল্প পরিচালক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) আরএডিপি ব্যতীত সিডি/ভ্যাট বাবদ বরাদ্দকৃত অর্থ হ্রাসকরণের সযোগ নাই মর্মে মন্ত্রণালয় থেকে পত্র দেয়া হয়েছে। ইতোমধ্যে আরএডিপি এর পদক্ষেপ শুরু হওয়ায় পত্রে সে অবধি অপেক্ষা করার পরামর্শ প্রদান করা হয়েছে। | সিদ্ধান্ত মোতাবেক কাজ সম্পন্ন হয়েছে। |

২৬. ডিপিপিতে যানবাহন সম্পর্কিত তথ্য: যানবাহন ক্রয়ের কোন সংস্থান ছিল না।

২৭. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

| প্রকল্পের উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| কৃত্রিম উপায়ে ন্যানো বস্তু কণার পৃষ্ঠতলের পরিবর্তনের মাধ্যমে তার প্রযুক্তিগত পরিবর্তন সাধন। | কৃত্রিম উপায়ে ন্যানো বস্তু কণার পৃষ্ঠতলের পরিবর্তনের মাধ্যমে তার প্রযুক্তিগত পরিবর্তন সাধন সম্পন্ন করা হয়েছে। |
| ন্যানোবিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে ট্রান্সমিশন ইলেক্ট্রন মাইক্রোস্কোপ এর প্রয়োগ ও ব্যবহার। | ন্যানোবিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নের লক্ষ্যে ট্রান্সমিশন ইলেক্ট্রন মাইক্রোস্কোপ ল্যাবরেটরী প্রতিষ্ঠা করে এর প্রয়োগ ও ব্যবহার হয়েছে। |
| নিউক্লিয়ার ম্যাগনেটিক রেজোনেন্স পদ্ধতি প্রয়োগ করে উদ্ভাবিত ন্যানো বস্তু কণা নির্ভর **MRI** ও ডাই এর সক্ষমতা নির্ণয়। | নিউক্লিয়ার ম্যাগনেটিক রেজোনেন্স ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। এ পদ্ধতি প্রয়োগ করে উদ্ভাবিত ন্যানো বস্তু কণা নির্ভর **MRI** ও ডাই এর সক্ষমতা নির্ণয় করা হয়েছে। |
| আবেশন উত্তাপ (**Induction heating**)) প্রয়োগ করে উদ্ভাবিত ন্যানোচুম্বকীয় বস্তু কণা দ্বারা ক্যান্সার কোষ ধ্বংসের সক্ষমতা নির্ণায়। | আবেশন উত্তাপ (**Induction heating**)) প্রয়োগ করে উদ্ভাবিত ন্যানোচুম্বকীয় বস্তু কণা দ্বারা ক্যান্সার কোষ ধ্বংসের সক্ষমতা নির্ণয় করা হয়েছে। |
| ট্রান্সমিশন ইলেক্ট্রন মাইক্রোস্কোপ ও **MRI** প্রযুক্তিতে মানবসম্পদ উন্নয়ন। | ট্রান্সমিশন ইলেক্ট্রন মাইক্রোস্কোপ ও **MRI** প্রযুক্তিতে মানবসম্পদ উন্নয়ন করা হয়েছে। |
| উপরোক্ত গবেষণাসমূহ গবেষণা পর্যায় থেকে ক্লিনিক্যাল পর্যায়ে উত্তরণ। | উপরোক্ত গবেষণাসমূহ গবেষণা পর্যায় থেকে ক্লিনিক্যাল পর্যায়ে উত্তরণ এর লক্ষ্যে গবেষণা চলমান। এলক্ষ্যে আরো একটি প্রকল্প প্রস্তাব ডিপিপি আকারে কমিশনে জমা দেয়া হয়েছে। |

*সমাপ্ত প্রকল্পের বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও অফিস সরঞ্জামাদি পরমাণু শক্তি কমিশনের টিওএন্ডই ভুক্তকরণ নিশ্চয়তা প্রাপ্তির পর নতুন প্রকল্প গ্রহণের বিষয়ে বাস্তবতা যাচাই করতে হবে।

২৮. **অগ্নিনির্বাপক ব্যবস্থা:** এই প্রকল্পের আওতায় সংগৃহীত অত্যাধুনিক মূল্যবান যন্ত্রপাতিসমূহের নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। সে লক্ষ্যে বস্তু বিজ্ঞান বিভাগের অগ্নিনিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে হবে। তাছাড়া স্বারাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের গত ২৬/০১/২০২১ তারিখের পত্রের মর্মানুসারে অগ্নিনিরাপত্তার স্বার্থে পুর্নাংগ ফায়ার সেফটি প্ল্যান প্রণয়নপূর্বক অগ্নিনির্বাপন সরঞ্জাম স্থাপন এবং বৈদ্যুতিক সরঞ্জামদি ও গ্যাস লাইন নিয়মিত পরিক্ষাপূর্বক ত্রুটি বিচ্যুতি অপসারণ ও সার্ভিসিং এর ব্যবস্থা নেয়া প্রয়োজন।

২৯. **প্রকল্প সংশোধনের কারণ (ডিপিপি অনুযায়ী):**

- বৈদেশিক মুদ্রার মূল্যস্ফীতি
- বৈদেশিক যন্ত্রপাতির মূল্যবৃদ্ধি
- চারটি নতুন কমপোনেন্ট ডিপিপিতে যোগ হয়েছে (Single-Crystallography-XRD system for protein crystallography, PE Loop Tracer, Water treatment plant for distilled and de-ionized water, Glove box)
- পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকা এর ল্যাবগুলিতে বৈদ্যুতিক সংযোগ গুলি অনেক পুরানো বিধায় নতুন করে সাবস্টেশন থেকে বৈদ্যুতিক সংযোগ দেয়ার প্রয়োজন
- সংস্কার এবং মেরামত কাজ অনেক বৃদ্ধি পেয়েছে

৩০. **সেবাদানের মাধ্যমে আয়:** পরমাণু শক্তি কেন্দ্র ঢাকা এর বস্তু বিজ্ঞান বিভাগে ন্যানো এবং ন্যানো জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় সেবাদানের মাধ্যমে উপার্জিত বছরভিত্তিক আয়ের হিসাব নিম্নরুপ:

| সাল | উপার্জিত অর্থ | মন্তব্য |
|---|---|---|
| ২০১৬ | ৬৬৫০০/- | সেবাদান প্রদানের মাধ্যমে প্রতিদিনের আয়ের হিসাব পত্র মারফত পরমাণু শক্তি কমিশনের নির্দিষ্ট ফান্ডে জমা দেয়া হয়। |
| ২০১৭ | ৩১০৭৫০/- | |
| ২০১৮ | ২৭৩৭৫০/- | |
| ২০১৯ | ৫৩৫৭৫০/- | |
| ২০২০ | ৮০৬১০০/- | |
| সর্বমোট | ১৯,৯২,৮৫০/- | |

*সেবা প্রদানের মাধ্যমে প্রাপ্ত আয় দ্বারা যন্ত্রপাতিসমূহের পরিচালনা ব্যয় নির্বাহ করা যেতে পারে।

৩১. **প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ**

**৩২. সুপারিশ/মতামত:**

৩২.১। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রাক্কলিত ব্যয় ও প্রকৃত ব্যয় সকল ক্ষেত্রে সমান সমান হওয়ার কারনের বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন।

৩২.২। প্রকল্পের আওতায় আসবাবপত্র কোটেশনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে ১১,১০,০০/- টাকা অনিয়মত ব্যয় সংক্রান্ত অডিট আপত্তির বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার জবাব। ২০১৮-১৯ অডিট আপত্তিটির মীমাংসা করে আইএমইডিকে অবহিত করতে হবে।

৩২.৩। প্রকল্পের আওতায় যন্ত্রপাতিসমূহ জাহাজীকরণের পরিবর্তে বিমানযোগে আনায়ন করায় অতিরিক্ত ৩৭,৭১.১১২/- টাকা খরচ সংক্রান্ত অডিট আপত্তির বিষয়ে জবাব এবং সে সংক্রান্ত তথ্য। জাহাজিকরণের পরিবর্তে বিমানযোগে মালামাল আনার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ/PIC ও PSC এর অনুমোদন নেয়া হয়েছিল কিনা। অনুমোদন না নেয়া হয়ে থাকলে এ বিষয়ে দ্বায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩২.৪। পরমাণু শক্তি কেন্দ্র ঢাকার বস্তুবিজ্ঞান বিভাগের ন্যানো এবং ন্যানো জৈবপ্রযুক্তি গবেষণাগারের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্পের আওতায় সংগৃহীত বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও আসবাবপত্রসমূহ দ্রুত টিওএন্ডইভুক্ত করণের ব্যবস্থা নিতে হবে।

৩২.৫। বৈজ্ঞানিক মূল্যবান এই যন্ত্রপাতিসমূহের নিরাপত্তার স্বার্থে বস্তুবিজ্ঞান বিভাগ, পরমণু শক্তি কেন্দ্র ঢাকা-এর অত্যাধুনিক অগ্নিনির্বাপক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রয়োজনে বিশেষ বরাদ্দ ব্যবস্থা করে অগ্নিনির্বাপক ব্যবস্থার কাজ করতে হবে।

৩২.৬। প্রকল্পের আওতায় সংগৃহীত বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও আসবাবপত্রসমূহের একটি সম্পদ বহি সংরক্ষণ করতে হবে। এর একটি হিসাব পরমাণু শক্তি কমিশনে জমা দিতে হবে। পরমাণু শক্তি কমিশনের ওয়েবসাইটেও এই যন্ত্রপাতিসমূহের একটি তালিকা সংরক্ষণ করতে হবে।

# বিসিএসআইআর-এ প্রযুক্তি হস্তান্তর ও উদ্ভাবনের লক্ষ্যে ভৌত সুবিধাদি সৃষ্টি সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: ৩০ সেপ্টেম্বর, ২০১৮)**

১। প্রকল্পের নাম: বিসিএসআইআর-এ প্রযুক্তি হস্তান্তর ও উদ্ভাবনের লক্ষ্যে ভৌত সুবিধাদি সৃষ্টি।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্পসাহায্য/জেডিসিএফ/স্বঅর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ।

৫।(ক) প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| | বিষয় | অনুমোদিত প্রাক্কলন | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | প্র: সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ৩৬৬৩.০০ | ৩৬৬৩.০০ | ৩৬৬৩.০০ | | | অক্টোবর/২০১৫ সেপ্টেম্বর/২০১৭ | ০৭/০৯/২০১৫ | ৫৪৫.০০ ১৪.৮৭% | ১ বছর ৫০% |
| ১ম সংশোধিত | ৪২০৮.০০ | ৪২০৮.০০ | ৪২০৮.০০ | - | - | অক্টোবর/২০১৫ সেপ্টেম্বর/২০১৮ | ১৩/০২/২০১৭ | | |
| প্রকৃত ব্যয় | ৪১৫৩.৪৬ | ৪১৫৩.৪৬ | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১৪.৮৭%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ১২ মাস বা ৫০%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

*(লক্ষ টাকায়)*

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ক) রাজস্ব ব্যয় | | | | | | |
| ১। | লোকবল | | | | | |
| | জনবলে বেতন | | ১৩৯.৭২ | ৩৩ | ১৩৯.৭২ | ৩৩ |
| | ভাতা | | ২.০০ | ৩৩ | ২.০০ | ৩৩ |
| ২। | সরবরাহ ও সেবা | - | ৫০৯.৭৬ | এল.এস | ৪৯৪.৭৬ | এল.এস |
| | **মোট রাজস্ব (ক)** | | ৬৫১.৪৮ | | ৬৩৬.৪৮ | |
| খ) মূলধন ব্যয় | | | | | | |
| ১। | সম্পদ ও পূর্ত | | | | | |

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ২। | মাইক্রোবাস | | ৪৫.০০ | ০১ | ৪২.৯০ | ০১ |
| ৩। | গবেষণা যন্ত্রপাতি ও সরঞ্জাম | | ২১২০.৫০ | ৬২ | ২১২০.৫০ | ৬২ |
| ৪। | অফিস সরঞ্জাম | | ১০.৫৫ | ৪৯ | ১০.৫৫ | ৪৯ |
| ৫। | গবেষণা ফার্নিচার | | ৬৬.৪৮ | ৩২৯ | ৬৬.৪৮ | ৩২৯ |
| ৪। | নির্মাণ ও পূর্ত | | ১১৮০.২৩ | এল.এস | ১১৮০.২৩ | এল.এস |
| ৫। | বৈদ্যুতিক নির্মান | | ৬৫.৫১ | এল.এস | ৬৫.৫১ | এল.এস |
| ৬। | বিবিধ | - | ৩০.৮১ | এল.এস | ৩০.৮১ | এল.এস |
| **মোট** | | | **৩৫১৯.৯৮** | | **৩৫১৬.৯৮** | |
| **ফিজিক্যাল কন্টিনজেন্সি** | | | **৩৬.৫৪** | | **০.০০** | |
| সর্বমোট | | | ৪২০৮.০০ | | ৪১৫৩.৪৬ | |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তবঅগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমি:

৯.১ প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ দেশে প্রযুক্তি হস্তান্তর এবং বিজনেস ইনকিউবেটর সুবিধার প্রদানের উৎকর্ষ কেন্দ্র প্রতিষ্ঠা।
- ❖ শিল্পোদ্যক্তাদের চাহিদা অনুযায়ী কার্যকরী নেটওয়ার্কের মাধ্যমে দেশে এবং বিদেশে উদ্ভাবিত সংগ্রীহিত ব্যয়সাশ্রয়ী এবং পরীক্ষিত প্রযুক্তি সরবরাহ এবং ডিফিউশান।
- ❖ এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়সহ অন্যান্য অঞ্চলের দেশসমূহের জন্য প্রযুক্তি বিনিময় প্রোগ্রামের জন্য উন্মুক্ত প্লাটফর্ম হিসাবে কাজ করা।
- ❖ উন্নততর দেশের বিভিন্ন সেন্টার, এসোসিয়েশান, ইনস্টিটিউট ও বিভাগের সাথে কারিগরী চুক্তির মাধ্যমে নীডবেজড এবং ইমারজিং প্রযুক্তি সংগ্রহ করা এবং স্টার্টআপ ট্রায়াল, পাইলট ডেমোনেস্ট্রেশান এবং শোকেস স্থাপন।
- ❖ সাসটেইনেবল, ইনক্লুসিভ, গ্রাসরুট এবং ফ্রুগ্যাল ইনোভেশানের বিজনেস ইনকিউবেটর সুবিধাসমূহ দ্বারা নবীন উদ্যোক্তাদের পরামর্শ সহায়তা প্রদান করা।

৯.২ **প্রকল্পের পটভূমি:** ইনোভেশনের অন্যতম লক্ষ্য নতুন পণ্য উদ্ভাবন, পণ্যের গুণগত মান উন্নয়ন বা উৎপাদন ব্যয় কমানো। প্রযুক্তি হস্তান্তর সেন্টারের কাজ কারিগরীভাবে লাভজনক প্রযুক্তি বাছাই, সংরক্ষণ, চুক্তি সম্পাদন, ডেমোনেস্ট্রেশন ও সর্বোপরি হস্তান্তর এবং ফলো-আপ করা। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে শুধুমাত্র গবেষণা দ্বারা উন্নততর প্রযুক্তির মাধ্যমে টেকসই শিল্প স্থাপন করা সম্ভব নয়। দরকার বিশেষায়িত প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর কেন্দ্র। বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর উদ্দেশ্য হচ্ছে বিজ্ঞান গবেষণালব্ধ ফলাফল দ্বারা শিল্প উদ্যোক্তাদের ব্যবসা এবং কর্মসংস্থান সৃষ্টি করা। বিসিএসআইআর আইন-২০১৩ অনুযায়ী দেশের বিজ্ঞান, শিল্প ও প্রযুক্তি প্রতিষ্ঠানসমূহের সাথে পারস্পরিক যোগাযোগ স্থাপন করা এর অন্যতম দায়িত্ব ও কর্তব্য। কিন্তু বাংলাদেশে

প্রযুক্তি হস্তান্তর ও বিজনেস ইনোভেশন এবং বৈদেশিক প্রযুক্তি পরীক্ষনের সুবিধা না থাকায় সম্ভাবনার সুনির্দিষ্ট কারিগরী inward and outward হস্তান্তর কার্যক্রম চালু করা সম্ভব হচ্ছে না। এ সকল প্রেক্ষাপট বিবেচনায় দেশীয় ইনোভেশন ক্যাপাসিটি বাড়ানো, ব্যবসা বান্ধব কার্যক্রম উদ্ভাবনে সহযোগিতা এবং টেকনোলজির শোকেস স্থাপনের জন্য বিসিএসআইআর এর প্রযুক্তি হস্তান্তর ও উদ্ভাবন সংক্রান্ত ভৌত সুবিধাদি সৃষ্টি শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৩৬৬৩.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অক্টোবর-২০১৫ থেকে সেপ্টেম্বর -২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৭.০৯.২০১৫ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৪২০৮.০০ এবং বাস্তবায়ন মেয়াদ ১ বছর বৃদ্ধি করে এর ১ম সংশোধন করা হয় যা **১৩-০২-২০১৭** তারিখে মাননীয় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত০৩/০৪/২০১৯তারিখে বিসিএসআইআর ধানমন্ডি-তে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১১.২ **<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**

| | |
|---|---|
| | |
| প্রকল্পের মাধ্যমে নির্মিত ৬ তলা ভবনের দৃশ্য | স্থাপিত গবেষণাগারের দৃশ্য |
| | |
| ইনডোর মাছ চাষের দৃশ্য | স্থাপিত গবেষণাগারের দৃশ্য |

১২.০ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দপ্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র কর্মকর্তা মো: ইব্রাহিম খলিল, সহকারী পরিচালক ০৭.০১.২০১৬ তারিখে, মুহাম্মদ কামাল হোসেন তালুকদার, উপপরিচালক ০৭.০৬.২০১৬ ইং তারিখে, মোহাম্মদ এনামুল আহসান, উপপরিচালক ২১.০৬.২০১৭ ইং তারিখে, মো: রফিকুল আলম ১১.০৭.২০১৮ ইং তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মো: রেজাউল করিম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের নিজস্ব জনবল। ২০ জন কর্মচারী সরাসরি নিয়োগের মাধ্যমে প্রকল্পের কাজে নিয়োজিত ছিলেন এবং প্রকল্প ফান্ড হতে বেতন ভাতা গ্রহণ করেছেন।

১৪.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবি | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১। | মো: রেজাউল করিম | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | খন্ডকালীন | ০১/১০/২০১৫ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

**১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মূল্যায়ণ, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ২৯ টি।
খ. পন্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

| ক্র: নং | অংগের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্য মাত্রা | | সর্বশেষ ৩০ সেপ্টম্বর ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | বাস্তব (পরিমান/সংখ্যা) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| ১. | জনবল (বেতন) | জন | ২২ | ১৩৯.৭২ | ১০০ | ১৩৯.৭২ |
| ২ | জনবল (ভাতাদি) | জন | ২২ | ২.০০ | ১০০ | ২.০০ |
| ৩. | সরবরাহ ও সেবা | থোক | - | ৫০৯.৭৬ | ৯৭.০০ | ৪৯৪.৭৬ |
| মোট রাজস্ব | | | | ৬৫১.৪৮ | | ৬৩৬.৪৮ |
| ৪. | মাইক্রোবাস | সংখ্যা | ১টি | ৪৫.৯০ | ১০০ | ৪২.৯০ |
| ৫. | ল্যাবরেটরী | সংখ্যা | ১০৮টি | ২১২০.৫০ | ১০০ | ২১২০.৫০ |

| ক্র: নং | অংগের নাম | একক | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্য মাত্রা | | সর্বশেষ ৩০ সেপ্টম্বর ২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | যন্ত্রপাতি | | | | | |
| ৬. | অফিস সরঞ্জাম | সংখ্যা | ৩০টি | ১০.৫৫ | ১০০ | ১০.৫৫ |
| ৭. | আসবাবপত্র | সংখ্যা | ২৬৯টি | ৬৬.৪৮ | ১০০ | ৬৬.৪৮ |
| ৮. | অনাবাসিক ভবন অবকাঠামো | থোক | - | ১১৮০.২৩ | ১০০ | ১১৮০.২৩ |
| ৯. | বৈদ্যুতিক অবকাঠামো | থোক | | ৬৫.৫১ | - | ৬৫.৫১ |
| ১০. | অন্যান্য | থোক | - | ৩০.৮১ | ১০০ | ৩০.৮১ |
| উপ মোট(মূলধন) | | | | ৩৫১৯.৯৮ | | |
| ১১ | ফিজিক্যাল কন্টিনজেন্সি | থোক | - | ৩৬.৫৪ | | ০ |
| সর্বমোট | | | | ৪২০৮.০০ | | |

| ক্রঃ নং | কাজের নাম | চুক্তি মূল্য | টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ | কার্যাদেশের তারিখ | কাজ সমাপ্তির তারিখ | প্রকৃত কার্য সমাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | যানবাহন ক্রয় | ৪২.৯০ | | | ১৩/০৬/১৬ | সমাপ্ত | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক টিওএন্ডডি বিসিএসআইআরএ অন্তর্ভূত ও রাজস্ব খাতে স্থানান্তর করা হয়েছে। |
| ২ | অফিস ভবন নির্মাণ-৬তলা ভিত বিশিষ্ট ৪তলা ভবন | ৮০৪.৭২ | ০৭/১১/১৩ | ২০/০২/১৪ | ১৯/০২/১৬ | ২৮/০৫/১৬ | |
| ৩ | বৈদেশিক যন্ত্রপাতি ক্রয় | ২৮২.৪০ | ৩০/১২/১৫ | ২৮/০৫/১৬ | ২৭/০৯/১৬ | ২৫/০৯/১৬ | |

১৬.০ **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

| পরিকল্পনা | অর্জন | **পরিদর্শনের আলোকে** |
|---|---|---|
| (ক) দেশে প্রযুক্তি হস্তান্তর এবং বিজনেস ইনকিউবেটর সুবিধার প্রদানের উৎকর্ষ কেন্দ্র প্রতিষ্ঠা | (ক) দেশে প্রযুক্তি হস্তান্তর এবং বিজনেস ইনকিউবেটর সুবিধার প্রদানের উৎকর্ষ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে | (ক) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে ৬ টি গবেষণামুলক ল্যাব স্থাপিত হয়েছে এবং বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রকল্পের মাধ্যমে অর্জিত গবেষণালব্ধ জ্ঞান হস্তান্তর করা হচ্ছে। এভাবে প্রতিষ্ঠানটি প্রযুক্তি হস্তান্তর এবং বিজনেস ইনকিউবেটর সুবিধা প্রদানের উৎকর্ষ কেন্দ্র পরিণত হয়েছে বলে প্রতীয়মান হয়। |

| পরিকল্পনা | অর্জন | **পরিদর্শনের আলোকে** |
|---|---|---|
| (খ) শিল্পোদ্যক্তাদের চাহিদা অনুযায়ী কার্যকারী নেটওয়ার্কের মাধ্যমে দেশে এবং বিদেশে উদ্ভাবিত সংগ্রীহিত ব্যয়সাশ্রয়ী এবং পরীক্ষিত প্রযুক্তি সরবরাহ এবং ডিফিউশান। | (খ) চাহিদা অনুযায়ী ইনডোর ও ভার্টিক্যাল ক্লোজড কনটেইনমেন্ট একুয়াকালচার, হাইড্রোপোনিক পশু খাদ্য তৈরীর ইনডোর ও ইনটেনসিভ ফার্মিং গবেষণা, মশা ধরার ফাঁদ ও বিটিআই ব্যাকেটেরিয়া দ্বারা রোগবাহী মশার লার্ভা দমন গবেষণা ও প্রযুক্তি সম্প্রসারন এবং এমাইনো এসিড, ডিএনএ/পিসিআর ল্যাব, ইলেকট্রনিক নোজ সহ বিভিন্ন ধরনের গবেষণা করে প্রাপ্ত ফলাফল দ্বারা প্রশিক্ষন, সেমিনার ও শিল্প স্থাপনে সহায়তা প্রদান। | (খ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের মাধ্যমে ইনডোর ও ভার্টিক্যাল ক্লোজড কনটেইনমেন্ট একুয়াকালচার, হাইড্রোপোনিক পশু খাদ্য তৈরীর ইনডোর ও ইনটেনসিভ ফার্মিং গবেষণা, মশা ধরার ফাঁদ ও বিটিআই ব্যাকেটেরিয়া দ্বারা রোগবাহী মশার লার্ভা দমন গবেষণা ও প্রযুক্তি সম্প্রসারন এবং এমাইনো এসিড, ডিএনএ/পিসিআর ল্যাব, ইলেকট্রনিক নোজ সহ বিভিন্ন ধরনের গবেষণা করে প্রাপ্ত ফলাফল দ্বারা প্রশিক্ষন, সেমিনার ও শিল্প স্থাপনে সহায়তা প্রদান করা হচ্ছে। |
| (গ) এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়সহ অন্যান্য অঞ্চলের দেশসমূহের জন্য প্রযুক্তি বিনিময় প্রোগ্রামের জন্য উন্মুক্ত প্লাটফর্ম হিসাবে কাজ করা। | আরটিটিএন (রাশিয়ান প্রযুক্তি স্থানান্তর নেটওয়ার্ক) সদস্য প্রাপ্তি : ৫টি প্রযুক্তি প্রয়োগের লক্ষ্যে প্রস্তাব<br>-৫ জন ভারতীয় উদ্যোক্তা ইনডোর মাৎস্য চাষ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষন প্রদান<br>-২ জন আলজিরিয়ান উদ্যোক্তার হাইড্রোপোনিক প্রযুক্তি পরিদর্শন -<br>Temsak Polytechnics - Singapore and Molecular Microbial Ecology Lab, Gyeongsang National University,South Korea বায়োটেক প্রযুক্তি বিনিময়ে সমঝোতা সাক্ষর | (গ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে অর্জিত জ্ঞান ও প্রযুক্তি এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয়সহ অন্যান্য অঞ্চলের দেশসমূহের জন্য উন্মুক্ত রাখা হয়েছে এবং বিভিন্ন দেশের গবেষকরা পরিদর্শন করছেন। |
| (ঘ) উন্নততর দেশের বিভিন্ন সেন্টার, এসোসিয়েশান, ইনস্টিটিউট ও বিভাগের সাথে কারিগরী চুক্তির মাধ্যমে নীডবেজড এবং ইমারজিং প্রযুক্তি সংগ্রহ করা এবং স্টার্টআপ ট্রায়াল, পাইলট ডেমোনেস্ট্রেশান এবং শোকেস স্থাপন। | (ঘ) উন্নততর দেশের বিভিন্ন সেন্টার, এসোসিয়েশান, ইনস্টিটিউট ও বিভাগের সাথে কারিগরী চুক্তির মাধ্যমে নীডবেজড এবং ইমারজিং প্রযুক্তি সংগ্রহ করা এবং স্টার্টআপ ট্রায়াল, পাইলট ডেমোনেস্ট্রেশান এবং শোকেস স্থাপন করা হয়েছে। | (ঘ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে উন্নততর দেশের বিভিন্ন সেন্টার, এসোসিয়েশান, ইনস্টিটিউট ও বিভাগের সাথে কারিগরী চুক্তির মাধ্যমে নীডবেজড এবং ইমারজিং প্রযুক্তি সংগ্রহ করা হচ্ছে এবং স্টার্টআপ ট্রায়াল, পাইলট ডেমোনেস্ট্রেশান এবং শোকেস স্থাপিত হয়েছে। |
| (ঙ) সাসটেইনেবল, ইনক্লুসিভ, গ্রাসরুট এবং ফ্লুগ্যাল ইনোভেশানের বিজনেস ইনকিউবেটর সুবিধাসমূহ দ্বারা নবীন উদ্যোক্তাদের পরামর্শ সহায়তা প্রদান করা। | (ঙ) সাসটেইনেবল, ইনক্লুসিভ ও গ্রাসরুট ইনোভেশানের বিজনেস ইনকিউবেটর সুবিধাসমূহ দ্বারা নবীন উদ্যোক্তাদের পরামর্শ সহায়তা প্রদান করা হয়েছে। | (ঙ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, সাসটেইনেবল, ইনক্লুসিভ ও গ্রাসরুট ইনোভেশানের বিজনেস ইনকিউবেটর সুবিধাসমূহ দ্বারা নবীন উদ্যোক্তাদের পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। |

১৭ .০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১ **অডিট নিষ্পত্তি সংক্রান্ত:** পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের অভ্যন্তরীন কোন অডিট হয় নাই। এক্সটার্নাল তিনটি অডিট সম্পন্ন হয়েছে, কোন অডিট আপত্তি নাই।

১৮.০ **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১ **Time & cost over run**: প্রকল্পটির মূল ডিপিপি ৩৬৬৩ লক্ষ টাকার প্রাক্কলনে ২ বছর মেয়াদকালে ০১ অক্টোবর ২০১৫ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৭ মেয়াদের জন্য গত ০৩/০৫/২০১৬ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে ৪২০৮.০০ লক্ষ টাকার প্রাক্কলনে ০১ অক্টোবর ২০১৫ হতে ৩০ সেপ্টেম্বর ২০১৮ মেয়াদের জন্য অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ১ (এক) বৎসর বা ৫০% এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৫৪৫.০০ লক্ষ টাকা বা ১৪.৮৭%। প্রকল্প পরিচালক জানান, মূল ডিপিপিতে ৬ তলা ভিতবিশিষ্ট ৪ তলা ভবন নির্মানের সংস্থান ছিল। পরবর্তীতে প্রয়োজন অনুভূত হওয়ায় ১ম সংশোধনের মাধ্যমে ৬ তলা ভিতের উপর ৬ তলা ভবন নির্মানের সিদ্ধান্ত হয় যার মাধ্যমে ২ তলা উর্ধমুখি সম্প্রসারন ও আনুষাঙ্গিক গবেষণা ও প্রশিক্ষন সুবিধার সম্প্রসারন হয়।

১৮.২ **প্রকল্পের ভৌত কাজ ও স্পেস ব্যবহার সংক্রান্ত:** প্রকল্পের মাধ্যমে ছয় তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৬ তলা আধুনিক গবেষণা ও প্রযুক্তি হস্তান্তর সুবিধা সম্বলিত ভবন নির্মান করা হয়েছে। প্রকল্পের মাধ্যমে গ্রাউন্ড ফ্লোরে একটি সাব স্টেশন ভবন নির্মাণ করা হয়েছে। সাব স্টেশনটি ২৫০ KVA ক্ষমতা সম্পন্ন এবং অভ্যন্তরীন রাস্তা, মাষ্টার ড্রেন, এবং পার্কিং সুবিধা নির্মাণ করা হয়েছে। আইটিটিআই-বিসিএসআইআর এর নিচতলায় রয়েছে ইনোভেশন গ্যালারী, ইনডোর এয়ার কোয়ালিটি মনিটরিং কক্ষ, রিসিপশন, স্টোর রুম ও লবি।দ্বিতীয় তলায় রয়েছে গবেষণার জন্য হাইড্রোপনিক ল্যাব, ডিএনএ ল্যাব, ফার্মেন্টেশন ল্যাব ও একটি সভা কক্ষ। তৃতীয় তলায় রয়েছে অয়েল ডিওড্রাইজার, গ্যাস ক্রোমাটোগ্রাফির জন্য প্রয়োজনীয় গবেষণাগার। এছাড়াও রয়েছে ওয়েল এক্সট্রাকশন মেশিন, ফুড ড্রায়ার ও প্যাকেজিং সুবিধা সম্পন্ন গবেষণাগার। চতুর্থ তলায় রয়েছে নতুন প্রতিষ্ঠিতআইটিটিআই এর কর্মকর্তা কর্মচারীদের অফিসকক্ষ। পঞ্চম তলায় রয়েছে এমাইনো এসিড এনালাইজার, এলসিএমএস, ১০ লি. ফার্মেন্টার, ৩ডি প্রিন্টার, মাল্টি প্যারামিটার, অণুবীক্ষণ যন্ত্র ও ওয়াটার ডিস্টিলেশন ইউনিট এবং ষষ্ঠ তলায় রয়েছে দুটি মিলনায়তন ও প্রশিক্ষণ কক্ষ।

১৮.৩ **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মাণ কাজে বর্তমানে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। সর্বোপরি, দৃশ্যমান প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৮.৪ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** এ প্রকল্পের ৫টি উদ্দেশ্য ছিল, উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ৬ তলা ভিত বিশিষ্ট ৬ তলা ভবন নির্মাণ করা হয়েছে। উক্ত ভবনের বিভিন্ন ফ্লোরে আধুনিক ল্যাব, কন্ফারেন্স রুম, প্রশিক্ষণ কেন্দ্র ইত্যাদি স্থাপনের মাধ্যমে প্রযুক্তি হস্তান্তর এবং বিজনেস ইনকিউবেটর সুবিধা প্রদানের উৎকর্ষ কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। এ কেন্দ্রের মাধ্যমে শিল্পোদ্যক্তাদের বিভিন্ন ব্যয়সাশ্রয়ী ও পরীক্ষিত প্রযুক্তি সরবরাহ করা হয়েছে, বিভিন্ন দেশের বিজ্ঞানীদের সাথে প্রযুক্তি বিনিময়ের প্লাটফর্ম তৈরি হয়েছে। প্রকল্পের এইসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.৫। প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা: প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ২৬ টি প্যাকেজ, কার্জের জন্য ২ টি এবং সার্ভিসের জন্য ১ টিসহ মোট প্যাকেজ (২৬+২+১) =২৯ টি প্যাকেজ রয়েছে। ২৯ টি প্যাকেজের মধ্যে ২৯ টি প্যাকেজের দরপত্র আহ্বান করে কার্যক্রম সমাপ্ত হয়েছে । নিম্নে বাছাইকৃত তিনটি প্যাকেজের তথ্য দেয়া হলো:

| ক্র: নং | প্যাকেজ | দরপত্র আহবানের তারিখ | | চুক্তির তারিখ | | কাজ সমাপ্তির তারিখ | | | বিলম্বের কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ডিপিপি অনুযায়ী | প্রকৃত | ডিপিপি অনুযায়ী | প্রকৃত | ডিপিপি অনুযায়ী | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| ১ | GD2 | ১/৭/১৪ | - | ৮/৯/১৪ | - | ৭০ দিনের মধ্যে | ১৩/৬/১৬ | - | |
| ২ | WD 1 | মার্চ, ২০১৫ | ০৭/১১/১৫ | এপ্রিল, ২০১৫ | ২০/২/১৪ | জুন, ২০১৭ | ১৯/২/১৬ | ২৮/০৫/১৬ | |
| ৩ | GD11 | ৫/৬/১৬ | ৩০/১২/১৫ | ১০/৭/১৬ | ২৮/৫/১৬ | ৭০ দিনের মধ্যে | ২৭/৯/১৬ | ২৫/০৯/১৬ | |

উপরোক্ত ছকের বর্ণনা অনুযায়ী দেখা যায়, এই প্রকল্পের পণ্য ক্রয় কার্যক্রমে ডিপিপি'র কাছাকাছি সময়ে দরপত্র আহ্বান করা হয়েছে এবং পিপিআর অনুসরণ করা হয়েছে এবং চুক্তি মেয়াদের মধ্যেই কার্য সম্পন্ন হয়েছে।

১৮.৬। প্রকল্পের অর্জন: এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে "বিসিএসআইআর -এ প্রযুক্তি হস্তান্তর ও উদ্ভাবনের লক্ষ্যে ভৌত সুবিধাদি সৃষ্টি" শীর্ষক এডিপি প্রকল্পটি অক্টোবর,২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পে নির্মিত ছয়তলা ভবন, সংগৃহীত যন্ত্রপাতি, মেশিনারীজ, প্রশিক্ষিত ও দক্ষ জনবল দ্বারা গবেষণা, কারিগরী সেবা, প্রশিক্ষন ও পরামর্শ সেবা প্রদান করা হয়ে আসছে। ভবনসহ সকল সামগ্রী ইতোমধ্যে বিসিএসআইআর-এর রাজস্ব খাতে হস্তান্তর হয়েছে। উদ্ভাবিত ও স্থানীয়ভাবে ডিজাইনকৃত হাইড্রোপোনিক ঘাস চাষ, ইনডোর মাছ আরএএস সিস্টেম, বিদ্যুৎ সাশ্রয়ী ড্রায়ার, মশা দমন প্রযুক্তি সহ মোট ৬টি উদ্ভাবন উদ্যোক্তাদের হস্তান্তর করা হয়েছে। এ সকল কার্যক্রম অব্যহত রাখার জন্য সৃজিত নতুন ২০টি পদে জনবল নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদন যাচাই বাছাই প্রক্রিয়াধীন আছে । প্রকল্পের মাধ্যমে নিম্নরুপ কাজগুলো অর্জিত হয়েছে:

- ৬ তলা ভিতবিশিষ্ট ২৭,০০০ বর্গফুট আয়তনের ৬ তলা ভবন নির্মান করা হয়েছে।
- গবেষণার জন্য ৬ টি ল্যাব স্থাপন করা হয়েছে;
- উদ্যোক্তাদের প্রশিক্ষণ এবং সভা সেমিনারের জন্য ২টি কন্ফারেন্স কক্ষ স্থাপন করা হয়েছে;
- ইনডোর ও ভার্টিক্যাল ক্লোজড কনটেইনমেন্ট একুয়াকালচার প্রযুক্তি ব্যবহার করে কোরাল, গুলশা ও দেশীয় বিভিন্ন প্রজাতির মাছ চাষ ও সংরক্ষনের ব্যবস্থা করা হয়েছে;
- হাইড্রোপোনিক পশু খাদ্য তৈরীর ইনডোর ও ইনটেনসিভ ফার্মিং গবেষণা চালুকরণ;
- মশা ধরার ফাঁদ ও বিটিই ব্যাকেটেরিয়া দ্বারা রোগবাহী মশার লার্ভা দমন গবেষণা ও প্রযুক্তি সম্প্রসারন;
- এমাইনো এসিড, ডিএনএ/পিসিআর ল্যাব, ইলেকট্রনিক নোজ সহ বিভিন্ন ধরনের গবেষণা সহায়ক;
- কমখরচে দেশীয় মডেল তৈরীর গবেষণা
- পরিদর্শন তারিখ পর্যন্ত প্রযুক্তি হস্তান্তর হয়েছে ৫টি
- পরিদর্শন তারিখ পর্যন্তসার্ভিস চুক্তি স্বাক্ষর হয়েছে ৫টি
- পরিদর্শন তারিখ পর্যন্তআন্তর্জাতিক প্রতিষ্ঠানের সদস্য হয়েছে ৩টি যথা-Ameriacan University Technology Manger(AUTM), INBIA(International Bussiness Incubator Assoociation, RTTN (Russia Technology Transfer Network)
- আন্তর্জাতিক গবেষণা সহায়তা চুক্তি সাক্ষর: Temasek Polytechnic Singapore;Gyeongsang National University,South Korea.
- প্রশিক্ষণ প্রদান ডাক্তার/ক্লিনিশিয়ান-১৯ জন
- উদ্যোক্তা প্রশিক্ষন-১২০ জন
- বৈদেশিক প্রযুক্তি সংগ্রহ ও উপযোজন- ৭টি
- ফিজিবিলিটি রিপোর্ট ও ডিজাইন প্রদান- ৫৭টি
- অনসাইট সাপোর্ট এগ্রিমেন্ট- ১৪টি
- অনসাইট শিল্প সার্পোট-৪ টি
- সেমিনার/ওয়ার্কশপ: ১৯টি

১৮.৭। **প্রকল্পের এক্সিট প্ল্যান পর্যালোচনা**: প্রকল্পের কার্যক্রমকে স্থায়ীকরণের জন্য প্রকল্পটি বাস্তবায়ন পরবর্তী সময়ে রাজস্ব খাতে স্থানান্তর করা হবে বলে ডিপিপিতে উল্লেখ রয়েছে। ইতোমধ্যে আইটিটিআই (Institute of Technology Transfer and Innovation) নামে একটি বিভাগ প্রতিষ্ঠা করা হয়েছে। এই

প্রতিষ্ঠানের অধীনে ইনডোর ফার্মিং রিসার্চ (ঘাস, মাছ, শাক-সবজি চাষ), ফার্মেন্টেশন ল্যাব (মশা দমনের ব্যাকটেরিয়া, লাইসেন ও মিথুনিন), ড্রায়িং এন্ড প্যাকেজিং (শুটকি, সাজনা পাতা, পেপে পাতা, পাট পাতা) ইত্যাদী কার্যক্রমগুলো পরিচালিত হচ্ছে। এসব কার্যক্রম পরিচালনার জন্য পরিচালকসহ ২০ টি পদ সৃজন হয়েছে এবং নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন। প্রকল্প পরিচালকের কাছ থেকে জানা যায়, প্রকল্পের মাধ্যমে যেসব স্থাপনা ও কার্যক্রম অর্জিত হয়েছে তা পরিচালনার জন্য কমপক্ষে বিভিন্ন পদে ৩৭ জন জনবল প্রয়োজন। জনপ্রশাসন হতে ২০ টি পদের অনুমোদন পাওয়া গেছে, আইটিটিআই নামে নতুন বিভাগটি সুষ্ঠু পরিচালনার জন্য আরো ১৭ টি পদ সৃজন করা প্রয়োজন হবে। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, রাজস্ব খাতে এখনো জনবল নিয়োগ না হওয়ায় জনবলের অভাবে প্রতিষ্ঠানটি ভালভাবে পরিচালিত হচ্ছে না। প্রকল্পটি শেষ হয়েছে সেপ্টেম্বর, ২০১৮ সালে, কিন্তু রাজস্বখাতে এখনো জনবল নিয়োগ হয়নি এবং আইটিটিআই বিভাগটি পরিচালনার জন্য আরো জনবল প্রয়োজন হবে, সে পদ গুলো সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন।

১৮.৮। **সম্পদ রেজিষ্টার সংরক্ষণ:** এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশি বিদেশী বিভিন্ন প্রকার যন্ত্রপাতি, আসবাবপত্র ও অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এসব যন্ত্রপাতি ও মালামাল সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্পটির সম্পদ রেজিষ্টার যাচাই করে যন্ত্রপাতি ও মালামাল সঠিক পাওয়া গেছে।

১৮.৯। **প্রকল্পের ক্রয়কৃত যানবাহন**: এ প্রকল্পের মাধ্যমে একটি মাইক্রোবাস ক্রয় করা হয়েছিল। পিসিআরএ উল্লেখ রয়েছে যে, গত ৩০/০৯/২০১৮ তারিখে প্রকল্পের ক্রয়কৃত যানবাহনটি পরিবহন পুলে জমা দেয়া হয়েছে। প্রকল্প পরিচালকের সাথে কথা বলে জানা যায়, জনপ্রশাসন হতে যানবাহনটি বিসিএসআইআর এর নামে টিওএনটি ভুক্ত করার আদেশ হয়েছে এবং মাইক্রোবাসটি আইটিটিআই বিভাগে ব্যবহৃত হচ্ছে।

১৮.১০| **সম্পদ রেজিষ্টার সংরক্ষণ**: এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অর্জিত সম্পদ রেজিস্টারে লিপিবদ্ধ করে সংরক্ষন করা হয়েছে।

১৯। **<u>সুপারিশ/মতামত:</u>**

১৯.১ প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে ।

১৯.২ প্রকল্পটি শেষ হয়েছে সেপ্টেম্বর, ২০১৮ সালে, কিন্তু রাজস্বখাতে এখনো জনবল নিয়োগ হয়নি এবং জনবল নিয়োগ না হওয়ায় প্রতিষ্ঠানটির কার্যক্রম ভালভাবে পরিচালিত হচ্ছে না। প্রকল্পের মাধ্যমে যেসব স্থাপনা ও কার্যক্রম অর্জিত হয়েছে তা পরিচালনার জন্য পর্যাপ্ত জনবল প্রয়োজন। জনপ্রশাসন হতে ২০টি পদের অনুমোদন পাওয়া গেছে, আইটিটিআই নামে নতুন বিভাগটি সুষ্ঠু পরিচালনার জন্য আরো পদ সৃজন করা প্রয়োজন হবে। আইটিটিআই বিভাগটির কার্যক্রম টেকসই ও শক্তিশালি করার জন্য প্রয়োজণীয় পদ সৃজনের উদ্যোগ নিতে হবে এবং অনুমোদিত পদের বিপরীতে দ্রুত জনবল নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

১৯.৩ প্রকল্পে গবেষণালব্ধ হাইড্রোপোনিক ঘাস, ইনডোর স্বাদু পানিমাছ চাষ, কীটনাশকমুক্ত মাছ শুকানোর প্রযুক্তি,বিদ্যুৎ সাশ্রয়ী ড্রায়ার, মশা দমন প্রযুক্তি,কসমেটিক ও ঔষধ শিল্পে গন্ধমুক্ত তেলের প্রযুক্তিরব্যবহারিক জ্ঞান অর্জিত হয়েছে। উদ্ভাবিত প্রযুক্তির গবেষণা অব্যাহত রাখতে হবে এবং দেশের চাহিদার প্রেক্ষিতে এ গবেষণার বিস্তার ঘটাতে হবে যাতে ইনডোরে নিরাপদ মিঠাপানির পোনা ও সামুদ্রিক মাছের পোনাউৎপাদনের প্রযুক্তি, লাইভ ফিড ও কীটনাশকমুক্ত সামুদ্রিক মাছ শুকানোর প্রযুক্তি উদ্ভাবন গবেষণার সুযোগ তৈরি হয় ।

১৯.৪ ক্রয়কৃত যন্ত্রপাতি ও অন্যান্য মালামালের সঠিক সংরক্ষনের জন্য লগবুক, সম্পদ রেজিস্টার ও দর্শনার্থী রেজিস্টার চলমান রাখতে হবে এবং আবশ্যিকভাবে ট্যাগিং নাম্বার দিতে হবে।

১৯.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

# দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের গবেষণার জন্য আইএফএসটিএর সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন

**(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৮)**

১। প্রকল্পের নাম: দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের গবেষণার জন্য আইএফএসটিএর সক্ষমতা বৃদ্ধিকরণ।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্বঅর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ।

৫।(ক) প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

| | বিষয় | অনুমোদিত প্রাক্কলন | | | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন (+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | প্র: সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ১৮৩১.৩৯ | ১৮৩১.৩৯ | ১৮৩১.৩৯ | | | জুলাই/২০১৬ জুন/২০১৮ | ০৪/১২/২০১৬ | ২৫.৬১ ১.৪০% | ৬ মাস ২৫% |
| ১ম সংশোধিত | ১৮৫৭.০০ | ১৮৫৭.০০ | ১৮৫৭.০০ | - | - | জুন/২০১৬ ডিসেম্বর/২০১৮ | ২৮/০৫/২০১৮ | | |
| প্রকৃত ব্যয় | ১৮০১.৬৪ | ১৮০১.৬৪ | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১.৪০ %।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৬ মাস বা ২৫%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতিনিম্নে দেয়া হল:

*(লক্ষ টাকায়)*

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ক) রাজস্ব ব্যয় | | | | | | |
| ১। | লোকবল | | | | | |
| | জনবলে বেতন | | ৪৭.২৫ | ০৮ | ১৫.৮৯ | ০৬ |
| | ভাতা | | ০.৭২ | ০২ | ০.৩৬ | ০১ |
| ২। | সরবরাহ ও সেবা | - | ৪৩৭.৭৮ | এল.এস | ৪১৬.৪৬ | এল.এস |
| ৩। | মেরামত, সংরক্ষণ ওপুনর্বাসন | | ৬৬.৯৮ | এল.এস | ৬৬.৯২ | এল.এস |
| | মোট রাজস্ব (ক) | | ৫৫২.৭৩ | | ৪৯৯.৬৩ | |

| ক্রঃ নঃ | পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম | একক | অনুমোদিত লক্ষ্যমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন | |
|---|---|---|---|---|---|---|
| | | | আর্থিক | বাস্তব পরিমাণ | আর্থিক | বাস্তব পরিমাণ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| খ) মূলধন ব্যয় | | | | | | |
| ১। | কম্পিউটার ও যন্ত্রাংশ | | ৪.৭০ | ০৭ | ৪.৭০ | ০৭ |
| ২। | আসবাবপত্র | | ১৫.২১ | ২৯ | ৪২.৯০ | ২৯ |
| ৩। | ল্যারেটরী যন্ত্রপাতি/সামগ্রী | | ১২৫২.৭৫ | ৪১ | ১২৫১.৭৬ | ৪১ |
| ৪। | বৈদ্যুতিক সরঞ্জাম | | ১২.৯৩ | ০১ | ১২.৫৯ | ০১ |
| ৫। | শীতাতাপ নিয়ন্ত্রণ যন্ত্র | | ১৩.৬৮ | ০৭ | ১৩.১০ | ০৭ |
| ৪। | আমদানী শুল্ক ও ভ্যাট | | ৫.০০ | এল.এস | ৪.৬৫ | এল.এস |
| মোট (মূলধন) | | | ১৩০৪.২৭ | | ১৩০২.০১ | |
| **সর্বমোট** | | | **১৮৫৭.০০** | | **১৮০১.৬৪** | |

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ দুধ এবং দুগ্ধজাত পণ্য শিল্পের সহয়তার জন্য বিসিএসআইআর-এ গবেষণা সক্ষমতা গড়ে তোলা।
- ❖ আইএফএসটি, বিসিএসআইআর-এর দুধ ও দুগ্ধজাত পণ্য গবেষণাগারের আইএসও/আইইসি-১৭০২৫ স্বীকৃতি অর্জন ।
- ❖ দুধ ও দুগ্ধজাত পণ্যে দূষণ, ভেজাল ও অন্যান্য বিপত্তির কারন চিহ্নিতকরন।
- ❖ আর এন্ড ডি প্রতিষ্ঠান এবং দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের চাহিদা অনুযায়ী মানব সম্পদের উন্নয়ন নিশ্চিতকরন।
- ❖ যে সকল ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠান দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিপণনে নিয়োজিত তাদের মধ্যে দুধ ও দুগ্ধজাত পণ্যের প্রক্রিয়া সমূহের প্রচার।

৯.১। **প্রকল্পের পটভূমি:** ২০২১ সালের মধ্যে বাংলাদেশ একটি মধ্যম আয়ের দেশে উন্নীত হতে চায়। বাংলাদেশের অর্থনীতি প্রাথমিকভাবে কৃষির উপর নির্ভরশীল এবং প্রানীজসম্পদএর গুরুতবপূর্ন একটি অংশ। প্রানীজ কৃষির প্রধান উপাধান দুধ।এটি বাংলাদেশের কৃষিজ জিডিপির ১৪.০৮% (DLS 2013)এবং তা ক্ষুদ্র কৃষকদের আয়, কর্মসংস্থান ও খাদ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলছে। দুধের উৎপাদন বৃদ্ধি পেলে ক্ষুদ্র ও প্রান্তিক আয়ের মানুষ এটার উপর নির্ভর করে তাদের জীবনযাত্রার মাণ উন্নীত করতে পারে (Hemme et al 2005)। জাতীয় স্বাস্থ্যনীতি থেকে জানা যায়, বাংলাদেশে দুধের বাৎসরিক চাহিদা ১৪.০২ মিলিয়ন টন (প্রতি ব্যক্তির দৈনিক ২৫০ মিলি দুধের প্রয়োজন হিসাবে)।বর্তমানে বাংলাদেশে ৬.০৯ মিলিয়ন টন দুধের যোগান আছে যা মোট চাহিদার ৪৩.৫০% (DLS 2013-

14)। বাড়তি চাহিদা মেটাতে বাংলাদেশকে প্রচুর পরিমাণ দুধ ও দুগ্ধজাত পণ্য (HS code 0402) আমদানী করতে হয়,যার বাৎসরিক পরিমাণ দাড়ায় প্রায় ২২১ মিলিয়ন ডলার।আমরা দুধ এবং দুগ্ধজাত পণ্যের গুণগত মান উন্নয়ন করে একদিকে যেমন মানুষের স্বাস্থ্যঝুকি কমাতে পারি তেমনি দুধ ও দুগ্ধজাত পণ্য আমদানী করতে যে বৈদেশিক মুদ্রা খরচ হয় তা কমাতে পারি। সুতরাং, দুগ্ধ শিল্পে গবেষণার কলেবর বৃদ্ধি এবং প্রযুক্তির উন্নয়ন বাংলাদেশর জন্য এখন একান্ত প্রয়োজন।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া**: আলোচ্য প্রকল্পটি ১৮৩১.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই-২০১৬ থেকে জুন-২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৪.১২.২০১৬ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৮৫৭.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ ৬ মাস বৃদ্ধি করে এর ১ম সংশোধন করা হয় যা ২৮-০৫-২০১৮ তারিখে অনুমোদিত হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১। প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭ এর পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ১৫/০৩/২০২০ তারিখে বিসিএসআইআর ধানমন্ডি-তে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১১.২। **<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**

প্রকল্পের মাধ্যমে নির্মিত গবেষণাগার

পরিদর্শনকালীন গবেষণাগারের দৃশ্য

পাস্তুরাইজার ল্যাব

স্থাপিত গবেষণাগারের দৃশ্য

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম: সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায়, পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র সেক্টর-৭ এর পরিচালক জনাব মো: রফিকুর আলম, গত ১১.১০.২০১৭ তারিখে পরিদর্শন করেছেন। মোহাম্মদ এনামুল আহসান,

উপ-পরিচালক ২৩.০৭.২০১৮ ইং তারিখে পরিদর্শন করেছেন এবং পরিদর্শনের আলোকে যেই সুপারিশগুলো করা হয় তা বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩। প্রকল্পের জনবল নিয়োগ: প্রকল্পের প্রকল্প পরিচালকড. জি, এম, এম, আনোয়ারুল হাসান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের নিজস্ব জনবল। ০৬ জন কর্মচারী সরাসরি নিয়োগের মাধ্যমে প্রকল্পের কাজে নিয়োজিত ছিলেন এবং প্রকল্প ফান্ড হতে বেতন ভাতা গ্রহণ করেছেন।

১৪। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

| ক্রঃ নং | কর্মকর্তার নাম | পদবি | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|---|
| ১। | ড. জি, এম, এম, আনোয়ারুল হাসান | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | খন্ডকালীন | ১৫/১২/২০১৬ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত |

**১৫| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মূল্যায়ণ, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ১৫ টি।

খ. পন্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য: এ প্রকল্পে পণ্যের জন্য ১২টি, কার্যের জন্য ৩টি এবং সেবার জন্য ১টি প্যাকেজ নির্ধারিত সময়ে দরপত্র আহ্বান করে কাজ সমাপ্ত করা হয়েছে।

১৬। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

| পরিকল্পনা | অর্জন | পরিদর্শনের আলোকে |
|---|---|---|
| (ক) দুধ এবং দুগ্ধজাত পণ্যশিল্পের সহয়তার জন্য বিসিএসআইআর-এ গবেষণা সক্ষমতা গড়ে তোলা। | ➢ দুধ এবং দুগ্ধজাতপণ্য গবেষণার জন্য অত্যাধুনিক গবেষণাগার প্রস্তুত করা হয়েছে।<br>➢ ৪১ টি নতুন অত্যাধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে।<br>➢ আইএফএসটি, বিসিএসআইআর-এ "দুধ ও দুগ্ধজাত এবং ফার্মেন্টেড খাদ্য পণ্য গবেষণা শাখা" প্রতিষ্ঠা করা হয়েছে । | (ক) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে দুধ এবং দুগ্ধজাত পণ্যশিল্পের সহয়তার জন্য বিসিএসআইআর-এ গবেষণা সক্ষমতা গড়ে উঠেছে। |
| (খ)আইএফএসটি, বিসিএসআইআর-এর দুধ ও দুগ্ধজাত পণ্যগবেষণাগারের আইএসও/আইইসি-১৭০২৫স্বীকৃতি অর্জন। | (খ) দুধ ও দুগ্ধজাত এবং ফার্মেন্টেড খাদ্যপণ্য গবেষণাগারের আইএসও/আইইসি-১৭০২৫ স্বীকৃতি অর্জনের জন্য বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডে আবেদন করা হয়েছে। | (খ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, আইএসও/আইইসি-১৭০২৫ স্বীকৃতি অর্জনের জন্য বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ডে আবেদন করা হয়েছে। কিন্তু এখনো স্বীকৃতি হয়নি। |
| (গ) দুধ ও দুগ্ধজাত পণ্যে দূষণ, ভেজাল ও অন্যান্য বিপত্তিরকারন চিহ্নিতকরন। | দুধ ও দুগ্ধজাত এবং ফার্মেন্টেড খাদ্যপণ্য গবেষণা শাখায় দুধ ও দুগ্ধজাত পণ্যে দূষণ, ভেজাল ও অন্যান্য বিপত্তির কারণ চিহ্নিতকরনে সক্ষমতা অর্জন করেছে। | (গ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে দুধ ও দুগ্ধজাত এবং ফার্মেন্টেড খাদ্য পণ্য গবেষণা শাখায় দুধ ও দুগ্ধজাত পণ্যে দূষণ, ভেজাল ও অন্যান্য বিপত্তির কারণ চিহ্নিতকরনে সক্ষমতা অর্জন করেছে। |

| পরিকল্পনা | অর্জন | পরিদর্শনের আলোকে |
|---|---|---|
| (ঘ) আরএন্ডডি প্রতিষ্ঠান এবং দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের চাহিদা অনুযায়ী মানব সম্পদের উন্নয়ন নিশ্চিতকরন। | দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের জন্য ৫টি মানবসম্পদ উন্নয়ন প্রোগ্রাম সম্পন্ন হয়েছে এবং প্রতিষ্ঠিত শাখাটি নিম্নলিখিত ক্ষেত্রে বৎসরে ১০০ জনের প্রশিক্ষণ দিতে সক্ষম ।<br>1. High Temperature Short Time (HTST) Pasteurizer Operator Workshop<br>2. Fluid Milk Processing for Quality & Safety<br>3. Membrane Filtration, Concentration, and Separation Technology. | (ঘ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের জন্য ৫টি মানবসম্পদ উন্নয়ন প্রোগ্রাম সম্পন্ন হয়েছে এবং এ কার্যক্রম চলমান রয়েছে। |
| (ঙ) যে সকল ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠান দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিপণনে নিয়োজিত তাদের মধ্যে দুধ ও দুগ্ধজাত পণ্যের প্রক্রিয়াসমূহের প্রচার। | (ঙ) দুধ ও দুগ্ধজাত পণ্যের প্রযুক্তি গুলোকে দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের সাথে জড়িত ব্যাক্তি ও প্রতিষ্ঠানের মাঝে প্রচার করা হয়েছে। বগুড়া, পাবনা, দিনাজপুরে বিভিন্ন সেমিনার ও ওয়ার্ক শপের আয়োজন করা হয়েছে । তাছাড়াও আইএফএসটি সেমিনার কক্ষে দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের সাথে জড়িত ব্যাক্তিদের নিয়ে সেমিনারের আয়োজন করা হয়েছে । | (ঙ) সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, দুধ ও দুগ্ধজাত পণ্যের প্রক্রিয়াসমূহের প্রচার করা হয়েছে এবং প্রচারের কার্যক্রম এখনো চলমান রয়েছে। |

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত**: পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের অভ্যন্তরীন কোন অডিট হয় নাই। এক্সটার্নাল দুইটি অডিট সম্পন্ন হয়েছে, কোন অডিট আপত্তি নাই।

১৮। **<u>বাস্তবায়ন পর্যবেক্ষণ:</u>**

১৮.১। **Time & cost over run**: প্রকল্পটির মূল ডিপিপি ১৮৩১.৩৯ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই,২০১৬ হতে জুন,২০১৮ মেয়াদে গত ০৪/১২/২০১৬ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীর মাধ্যমে ২৫.৬১_লক্ষ টাকা বৃদ্ধির মাধ্যমে ১৮৫৭.০০ লক্ষ টাকাপ্রাক্কলন নির্ধারণ করে জুলাই, ২০১৬ হতে ডিসেম্বর,২০১৮ পর্যন্ত করা হয়। এতে প্রকল্পটির সময় বৃদ্ধি প্রায় ৬ (ছয়) মাস বা ২৫% এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ২৫.৬১ লক্ষ টাকা বা ১.৪০%। প্রকল্প পরিচালক জানান, এর মাধ্যমে আনুষাঙ্গিক গবেষণা ও প্রশিক্ষন সুবিধার সম্প্রসারণ হয়।

১৮.২। **প্রকল্পের ভৌত কাজ ও স্পেস ব্যবহার সংক্রান্ত:** প্রকল্পের মাধ্যমে আইএফএসটি, বিসিএসআইআর-এর ১৪১ নং কক্ষে একটি অত্যাধুনিক গবেষণগার স্থাপন করা হয়েছে। গবেষণাগারে ৪১ টি অত্যাধুনিক যন্ত্র রয়েছে এবং ৭টি শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র স্থাপন করা হয়েছে। তাছাড়া, নিরবিচ্ছিন্ন বিদ্যুতের জন্য জেনারেটর স্থাপন করা হয়েছে।

১৮.৩। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** দৃশ্যমান প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৮.৪। **প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা**: প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ১২টি প্যাকেজ, কার্যের জন্য ২টি এবং সার্ভিসের জন্য ১ টিসহ মোট (১২+২+১) =১৫টি প্যাকেজ ছিল। ১৫টি প্যাকেজের মধ্যে ১৫টি প্যাকেজের দরপত্র আহ্বান করে কার্যক্রম সমাপ্ত হয়েছে। এই প্রকল্পের পণ্য ক্রয় কার্যক্রমে ডিপিপি'র কাছাকাছি সময়ে দরপত্র আহ্বান করা হয়েছে এবং পিপিআর অনুসরণ করা হয়েছে এবং চুক্তি মেয়াদের মধ্যেই কার্য সম্পন্ন হয়েছে।

১৮.৫। **প্রকল্পের অর্জন**: দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের গবেষণার জন্য আইএফএসটিএর সক্ষমতা বৃদ্ধিকরণ শীর্ষক উন্নয়ন প্রকল্পের মাধ্যমে আইএফএসটি, বিসিএসআইআর-এ "দুধ ও দুগ্ধজাত এবং ফার্মেন্টেড খাদ্যপণ্য গবেষণা শাখা"প্রতিষ্ঠা করা

হয়েছে। উক্ত প্রকল্পের মাধ্যমে সংগৃহীত যন্ত্রপাতি, মেশিনারীজ, প্রশিক্ষিত জনবল দ্বারা গবেষণা, কারিগরী সেবা, প্রশিক্ষন ও পরামর্শ সেবা প্রদান করা হচ্ছে। পূর্ত কাজ এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও অফিস সরঞ্জামাদি ইতোমধ্যেই বিসিএসআইআর-এর রাজস্ব খাতে হস্তান্তর হয়েছে। প্রকল্পের মাধ্যমে নিম্নরুপ কাজগুলো অর্জিত হয়েছে:

- "মোবাইল মিল্ক ট্যাঙ্কার"- নামে একটি পদ্ধতি বিসিএসআইআর কর্তৃক গৃহীত হয়েছে যার মাধ্যমে দুধকে ২৪ ঘন্টা পর্যন্ত ভালভাবে সংরক্ষণ করা সম্ভব;
- দুধ ও দুগ্ধজাত পণ্যে Pb(Lead), As (Arsenic) ইত্যাদি ক্ষতিকারক ভারী ধাতুর উপস্থিতি (পিপিবি লেভেল পর্যন্ত) নির্ণয়ে সক্ষমতা অর্জন ও সেবা প্রদান;
- Dairy Culture Bank তৈরী যার মাধ্যমে উন্নতমানের Starter Culture তৈরী করা সম্ভব;
- অধিক খাদ্য গুণাগুন সম্পন্ন বিভিন্ন দুগ্ধজাত পণ্য যেমন Mango Milk Bevarge, Diabetic Ice-cream তৈরী;
- ডিটারজেন্ট টেস্টিংকিট আবিষ্কার যার দ্বারা দুধের ডিটারজেন্টের উপস্থিতি নির্ণয় করা যায়;
- বিসিএসআইআর-এ CRISPR-CAS9-প্রযুক্তি নির্ভর গবেষণার সূত্রপাত;
- দুগ্ধজাত দ্রব্যের শেলফ লাইফ বৃদ্ধি সমপর্কিত গবেষণা;
- দুধের ল্যাকটোফেরিন পৃথকীকরনের ব্যাপারে সবধরণের প্রযুক্তিগত সক্ষমতা অর্জন;
- উদ্যোক্তাদের প্রশিক্ষণ এবং সভা সেমিনারের আয়োজন করা;
- বিশ্লেষণ সেবা প্রদান-২৭৭ টি;
- উদ্যোক্তা প্রশিক্ষন-১২০ জন;
- অনসাইট শিল্প সার্পোট-২ টি;
- সেমিনার/ওয়ার্কশপ: ৮ টি;
- এমএস (থিসিস)-সুপারভিশন: ৩ জন।

১৮.৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল দুধ এবং দুগ্ধজাত পণ্য শিল্পের সহয়তার জন্য বিসিএসআইআর-এ গবেষণা সক্ষমতা গড়ে তোলা,আইএফএসটি, বিসিএসআইআর-এর দুধ ও দুগ্ধজাত পণ্য গবেষণাগারের আইএসও/আইইসি-১৭০২৫ স্বীকৃতি অর্জন, দুধ ও দুগ্ধজাত পণ্যে দূষণ, ভেজাল ও অন্যান্য বিপত্তির কারন চিহ্নিতকরন, আর এন্ড ডি প্রতিষ্ঠান এবং দুধ ও দুগ্ধজাত পণ্য শিল্পের চাহিদা অনুযায়ী মানব সম্পদের উন্নয়ন নিশ্চিতকরন, যে সকল ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠান দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিপণনে নিয়োজিততাদের মধ্যে দুধ ও দুগ্ধজাত পণ্যের প্রক্রিয়া সমূহের প্রচার প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উদ্দেশ্যগুলো বাস্তবায়িত হয়েছে।

১৮.৭। **প্রকল্পের এক্সিট প্ল্যান পর্যালোচনা**: প্রকল্পের কার্যক্রমকে স্থায়ীকরণের জন্য প্রকল্পটি বাস্তবায়ন পরবর্তী সময়ে রাজস্ব খাতে স্থানান্তর করা হবে বলে ডিপিপিতে উল্লেখ রয়েছে। ইতোমধ্যে "দুধ ও দুগ্ধজাত এবংফার্মেন্টেড খাদ্যপণ্য গবেষণা শাখা" নামে একটি শাখা প্রতিষ্ঠা করা হয়েছে। এই শাখার অধীনে দুধ ও দুগ্ধজাত পণ্যের গুনগত মান এবং সংশ্লিষ্ট বিষয়ে নতুন নতুন পণ্য উৎপাদনের কার্যক্রমগুলো পরিচালিত হচ্ছে। এসব কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন পদে কমপক্ষে ১০ জন জনবল প্রয়োজন। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, রাজস্ব খাতে এখনো জনবল নিয়োগ না হওয়ায় জনবলের অভাবে শাখাটি ভালভাবে পরিচালিত হচ্ছে না। প্রকল্পটি শেষ হয়েছে ডিসেম্বর, ২০১৮ সালে, কিন্তু রাজস্বখাতে এখনো জনবল নিয়োগ হয়নি এবং শাখাটি পরিচালনার জন্য আরো জনবল প্রয়োজন হবে, সে পদ গুলো সৃজনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া প্রয়োজন।

১৮.৮। **সম্পদ রেজিষ্টার সংরক্ষণ:** এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশি বিদেশী বিভিন্ন প্রকার যন্ত্রপাতি, আসবাবপত্র ও অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এসব যন্ত্রপাতি ও মালামাল সম্পদ রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে। পরিদর্শনের সময় প্রকল্পটির সম্পদ রেজিষ্টার যাচাই করে যন্ত্রপাতি ও মালামাল সঠিক পাওয়া গেছে।

১৯। **মতামত/সুপারিশ:**

১৯.১। প্রকল্পটি প্রাক্কলিত ব্যয় ও মেয়াদে শেষ হয়নি, প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২৫.৬১ লক্ষ টাকা বা ১.৪০% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৬ মাস বা ২৫%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হল।

১৯.২। প্রকল্পের আওতায় সংগৃহীত যন্ত্রপাতিগুলো সংস্থার টিওএন্ডই ভুক্ত করতে হবে, মূলধনি যন্ত্রপাতিগুলোর ওয়ারেন্টি পিরিয়ডের পর সচল রাখার জন্য নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে এবং রক্ষণাবেক্ষনের জন্য রাজস্ব বাজেটে বাৎসরিক পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে ।

১৯.৩। প্রকল্পটি শেষ হয়েছে ডিসেম্বর, ২০১৮ সালে, কিন্তু রাজস্বখাতে এখনো জনবল নিয়োগ হয়নি এবং জনবল নিয়োগ না হওয়ায় প্রতিষ্ঠানটির কার্যক্রম ভালভাবে পরিচালিত হচ্ছে না। দুধ ও দুগ্ধজাত এবং ফার্মেন্টেড খাদ্য পণ্য গবেষণা শাখাটির কার্যক্রম টেকসই ও শক্তিশালি করার জন্য প্রয়োজনীয় পদ সৃজন করে দ্রুত জনবল নিয়োগ প্রদানের ব্যবস্থা নিতে হবে।

১৯.৪। প্রকল্পে মাধ্যমে দুধ এবং দুগ্ধজাত পণ্য গবেষণার জন্য অত্যাধুনিক গবেষণাগার স্থাপিত হয়েছে। গবেষণাগারে গবেষণার কাজ অব্যাহত রাখা, দুধ ও দুগ্ধজাতপণ্যের প্রক্রিয়াসমূহের প্রচার এবং দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং বিপণনে নিয়োজিত ব্যক্তি, সংস্থা ও প্রতিষ্ঠানের জন্য উন্মুক্ত রাখতে হবে।

১৯.৫। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

# সাইক্লোট্রন সুবিধাদিসহ পেট-সিটি স্থাপন শীর্ষক প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)

**(সমাপ্ত:** জুন ২০১৯)

**প্রকল্পের মৌলিক তথ্য**

| | | | |
|---|---|---|---|
| ১ | **প্রকল্পের নাম** | : | সাইক্লোট্রন সুবিধাদিসহ পেট-সিটি স্থাপন (Establishment of Positron Emission Tomography Computed Tomography (PET-CT) with Cyclotron facilities) |
| ২ | **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** | : | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় |
| ২.১ | **বাস্তবায়নকারী সংস্থা** | : | বাংলাদেশ পরমানু শক্তি কমিশন |
| ৩ | **প্রকল্পের ধরণ** | : | সেবা ও গবেষণা |
| ৪ | **অর্থায়নের উৎস** | : | জিওবি |
| ৪.১ | **উন্নয়ন সহযোগী (যদি থাকে)** | : | নাই |

৫. **প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:** (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | অনুমোদনের তারিখ | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | |
| মূল | ১২০০০.০০ | ১২০০০.০০ | - | - | ০৯/১০/২০১১ | অক্টোবর ২০১১-সেপ্টেম্বর ২০১৫ |
| সংশোধিত (১ম) | ১২০০০.০০ | ১২০০০.০০ | - | - | ২১/০৯/২০১৫ | অক্টোবর ২০১১-সেপ্টেম্বর ২০১৬ |
| সংশোধিত (২য়) | ১৩৮০০.০০ | ১৩৮০০.০০ | - | - | ০১/১১/২০১৬ | অক্টোবর ২০১১-সেপ্টেম্বর ২০১৭ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম) | ১৩৮০০.০০ | ১৩৮০০.০০ | - | - | ০৫/১২/২০১৭ | অক্টোবর ২০১১-সেপ্টেম্বর ২০১৮ |
| আন্তঃখাত সমন্বয় (১ম) | ১৩৮০০.০০ | ১৩৮০০.০০ | - | - | ০৪/০৬/২০১৮ | অক্টোবর ২০১১-ডিসেম্বর ২০১৮ |
| বিশেষ সংশোধনী | ১৫০৭৪.৭১ | ১৫০৭৪.৭১ | - | - | ২২/১০/২০১৮ | অক্টোবর ২০১১-জুন ২০১৯ |

**৬. প্রকল্প এলাকা :**

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| ঢাকা | ঢাকা | শাহবাগ |

**৭. প্রকল্পের উদ্দেশ্য:**

- দেশে সরকারী খাতে সর্বপ্রথম পেট-সিটি প্রযুক্তি স্থাপন করা।
- সাইক্লোট্রন স্থাপন করা, যার মাধ্যমে ক্লিনিক্যাল ও রিসার্চ কাজের জন্য আইসোটোপ তৈরি করা যায় ।
- দক্ষ জনবল তৈরী করা যাতে পেট-সিটি এর কাজ সুষ্ঠুভাবে করা যায়।
- পেট-সিটি ও সাইক্লোট্রন বসানোর জন্য বিল্ডিং তৈরী করা।
- এই পেটসিটি প্রযুক্তির দ্বারা মানব শরীরের বিভিন্ন অংগ যথা থাইরয়েড, কিডনি, যকৃত, হাঁড়, হৃদপিন্ড, ব্রেইন ইত্যাদির ক্যান্সার ও জটিল রোগ নির্নয় করা যাবে।
- দেশের দু:খী ও আপামর সাধারণ জনগণের কাছে স্বল্পমূল্যে উন্নত ও আধুনিক প্রযুক্তি পৌছানো।
- জনগণের স্বাস্থ্য সেবা উন্নতকরনের মাধ্যমে দারিদ্র বিমোচন করা।
- আর্থ সামাজিক প্রেক্ষাপটে গুরুত্বপূর্ন অবদান রাখা।

**৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ:**

- ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (নিনমাস), ব্ল-এফ, বিএসএমএমইউ ক্যাম্পাস, শাহবাগ, ঢাকায় ২টি পেট-সিটি মেশিন এবং রেডিওকেমিস্ট্রিসহ ১টি সাইক্লোট্রন মেশিন স্থাপন করা।
- তাছাড়া ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (নিনমাস), ব্ল-এফ, বিএসএমএমইউ ক্যাম্পাস, শাহবাগ, ঢাকায় ডাটা সংরক্ষণের জন্য Hospital Information System (HIS), Radiological Information System (RIS), Picture Archiving and Communication System (PACS) আইটি টেকনোলজি প্রযুক্তি স্থাপন করা।
- ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড অ্যালায়েড সায়েন্সেস (ইনমাস), ডিএমসি, ঢাকায় ১টি পেট-সিটি মেশিন স্থাপন করা।
- দক্ষ জনবল তৈরী করা যাতে পেট-সিটি ও সাইক্লোট্রন পরিচালনার কাজ সুষ্ঠুভাবে করা যায়।

## প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

**৯. অঙ্গভিত্তিক অগ্রগতি:** (লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | একক | ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | | সর্বশেষ ক্রমপুঞ্জিত অগ্রগতি | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | | | ০৫ | | |
| **(ক) রাজস্ব:** | | | | | | | | |
| | | | বাস্তব (পরিমাণ | আর্থিক | | বাস্তব (পরিমাণ ) | আর্থিক | |
| | | | | জিওবি | মোট | জিওবি | জিওবি | প্র: সা: মোট |
| ৪৫০০ | জনবল | | | | | | | |
| ৪৫০১ | (ক) অফিসার | | | ০ | ০ | | | ০ |
| ৪৬০১ | (খ) কর্মচারী | | ৩ জন | ৪৬.৯৫ | ৪৬.৯৫ | ৩ জন | ৪৬.৯৫ | ৪৬.৯৫ |
| ৪৮০০ | | | | | | | | |
| ৪৮০১, ৪৮২২, ৪৮২৩, ৪৮২৪, ৪৮২৬, | সরবরাহ ও সেবা | | | ৬৯৬.২৭ | ৬৯৬.২৭ | | ৬৯৬.২৭ | ৬৯৬.২৭ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪৮২৮, ৪৮৩৩, ৪৮৪২ ৪৬৪৫, ৪৮৫১, ৪৮৮৩, ৪৮৯৫, ৪৮৯৯ | | | | | | | | |
| ৪৮৩১ | বই ও জার্নাল | | | ২০.৫০ | ২০.৫০ | | ২০.৫০ | ২০.৫০ |
| ৪৮৪০ | প্রশিক্ষণ | | ২০ জন | ১১৩.২৮ | ১১৩.২৮ | ১৯ জন | ১১১.৮০ | ১১১.৮০ |
| ৪৮৭৪ | কনসালটেন্সি (আর্কিটেক্ট এবং ইঞ্জিনিয়ারিং) | | | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ |
| ৪৯০০ | মেরামত, সংরক্ষন ও পুণর্বাসন | | | ১৯.০০ | ১৯.০০ | | ১৯.০০ | ১৯.০০ |
| **উপমোট (রাজস্ব)** | | | | | **৮৯৬.০০** | | | **৮৯৪.৫২** |
| **(খ) মূলধন:** | | | | | | | | |
| ৬৮০০ | সম্পদ সংগ্রহ ও ক্রয় | | | | | | | |
| ৬৮১৩ | বৈদেশিক যন্ত্রপাতি ক্রয় | | ১৬টি | ১২৭৩১.৬৭ | ১২৭৩১.৬৭ | ১৬টি | ১২৭৩১.২৬ | ১২৭৩১.৬৭ |
| ৬৮১৩ | স্থানীয় যন্ত্রপাতি ক্রয় | | ৬৮টি | ৩২৪.৯০ | ৩২৪.৯০ | ৬৮টি | ৩২৪.৯০ | ৩২৪.৯০ |
| ৬৮২১ | আসবাবপত্র ক্রয় | | ৩৭২টি | ৪২.০০ | ৪২.০০ | ৩৭২টি | ৪২.০০ | ৪২.০০ |
| ৬৮০৭ | যানবাহন ক্রয় | | ১টি | ৩২.৫০ | ৩২.৫০ | ১টি | ৩২.৫০ | ৩২.৫০ |
| **কনস্ট্রাকশন** | | | | | | | | |
| ৭০০৬ | ফিজিক্যাল কনস্ট্রাকশন | | | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ |
| ৬৮২৭, ৭০৫৬, ৭০৮১, ৬৮৫৩, ৭০১৬, ৭০৪৬ | অন্যান্য কনস্ট্রাকশন | | | ৭৪৭.৬৪ | ৭৪৭.৬৪ | | ৭৪৭.২৩ | ৭৪৭.২৩ |
| ৭৯০০-৭৯৯৮ | সিডি/ভ্যাট | | | ৩০০.০০ | ৩০০.০০ | | ৩০০.০০ | ৩০০.০০ |
| **উপমোট (মূলধন)** | | | | | **১৪১৭৮.৭১** | | | **১৪১৭৮.৩০** |
| | | | | | | | | |
| **(গ) ফিজিক্যাল কনটিনজেন্সি** | | | | ০.০০ | ০.০০ | | | ০.০০ |
| **(ঘ) প্রাইস কনটিনজেন্সি** | | | | ০.০০ | ০.০০ | | | ০.০০ |
| **সর্ব মোট (ক+খ+গ+ঘ):** | | | | | **১৫০৭৪.৭১ (১২৭৩১.৬৭)** | | | **১৫০৭২.৮২ (১২৭৩১.৬৭)** |

**১০. অর্থ বছর ভিত্তিক ডিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থ ছাড় ও প্রকৃত ব্যয়:**

(লক্ষ টাকা)

| অর্থ বছর | ডিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় | প্রকৃত ব্যয় (ব্যয় না হলে তার কারন) |
|---|---|---|---|---|
| ২০১১-২০১২ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৪০.০০ |
| ২০১২-২০১৩ | ৮৫৭.০০ | ৮৫৭.০০ | ৮৫৭.০০ | ৮৫৭.০০ |
| ২০১৩-২০১৪ | ১৯১১.০০ | ১৯১১.০০ | ১৯১১.০০ | ১৯১১.০০ |
| ২০১৪-২০১৫ | ৫৫০.০০ | ৫৫০.০০ | ৫৫০.০০ | ৫৫০.০০ |
| ২০১৫-২০১৬ | ৫১০০.০০ | ৫১০০.০০ | ৫১০০.০০ | ৫১০০.০০ |
| ২০১৬-২০১৭ | ৩৫৪২.০০ | ৩৫৪২.০০ | ৩৫৪২.০০ | ৩৫৪২.০০ |
| ২০১৭-২০১৮ | ১৩৯৪.০০ | ১৩৯৪.০০ | ১৩৯৪.০০ | ১৩৯৪.০০ |
| ২০১৮২০১৯ | ১৬৮০.৭১ | ১৬৮০.৭১ | ১৬৮০.৭১ | ১৬৭৮.৮২ |
| মোট | **১৫০৭৪.৭১** | **১৫০৭৪.৭১** | **১৫০৭৪.৭১** | **১৫০৭২.৮২** |

**১১. ডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:**

(ক) পণ্য প্যাকেজ ৫৬টি (খ) পূর্ত প্যাকেজ ৫টি (গ) সেবা প্যাকেজ ০টি মোট প্যাকেজ সংখ্যা ৬১টি।

১২. **ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগদ তথ্য** : প্রযোজ্য নয়

**১৩. মূল ডিপিপি এবং প্রকৃত ব্যয়ের অংগভিত্তিক তুলনা:**

(লক্ষ টাকায়)

| অংঙ্গের নাম | মূল অনুমোদিত ডিপিপি | | প্রকৃত খরচ | | | পার্থক্য | |
|---|---|---|---|---|---|---|---|
| | ব্যয় | | ব্যয় | | | ব্যয় | |
| | পরিমান | মোট | একক | পরিমান | মোট | পরিমান | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| (ক) রাজস্ব | | | | | | | |
| জনবল | ৩ জন | ৪৬.৯৫ | | ৩ জন | ৪৬.৯৫ | | ০.০০ |
| সরবরাহ ও সেবা | | ৬৯৬.২৭ | | | ৬৯৬.২৭ | | ০.০০ |
| বই ও জার্নাল | | ২০.৫০ | | | ২০.৫০ | | ০.০০ |
| প্রশিক্ষণ | ২০ জন | ১১৩.২৮ | | ১৯ জন | ১১১.৮০ | ১ জন | ১.৪৮ |
| কনসালটেন্সি | | ০.০০ | | | ০.০০ | | ০.০০ |
| মেরামত ও | | ১৯.০০ | | | ১৯.০০ | | ০.০০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| সংরক্ষণ | | | | | | | |
| উপ-মোট (রাজস্ব) | | **৮৯৬.০০** | | | **৮৯৪.৫২** | | **১.৪৮** |
| (খ) মূলধন | | | | | | | |
| বৈদেশিক যন্ত্রপাতি ক্রয় | ১৬টি | ১২৭৩১.৬৭ | | ১৬টি | ১২৭৩১.৬৭ | ০ | ০.০০ |
| স্থানীয় যন্ত্রপাতি ক্রয় | ৬৮টি | ৩২৪.৯০ | | ৬৮টি | ৩২৪.৯০ | ০ | ০.০০ |
| আসবাবপত্র ক্রয় | ৩৭২টি | ৪২.০০ | | ৩৭২টি | ৪২.০০ | ০ | ০.০০ |
| যানবাহন ক্রয় | ১টি | ৩২.৫০ | | ১টি | ৩২.৫০ | ০ | ০.০০ |
| ফিজিক্যাল কনট্রাকশন | | ০.০০ | | | ০.০০ | | |
| অন্যান্য কনট্রাকশন | | ৭৪৭.৬৪ | | | ৭৪৭.২৩ | | ০.৪১ |
| সিডি ভ্যাট | | ৩০০.০০ | | | ৩০০.০০ | | ০.০০ |
| উপ-মোট (মূলধন) | | **১৪১৭৮.৭১** | | | **১৪১৭৮.৩০** | | **১.৮৯** |
| (গ) ফিজিক্যাল কনটিনজেন্সি | | ০.০০ | | | ০.০০ | | ০.০০ |
| (ঘ) প্রাইস কনটিনজেন্সি | | ০.০০ | | | ০.০০ | | ০.০০ |
| সর্বমোট (ক+খ+গ+ঘ) | | **১৫০৭৪.৭১** | | | **১৫০৭২.৮২** | | **১.৮৯ (০.০০)** |

**১৪. ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ সংক্রান্ত :**

| প্যাকেজ / লট নং (নামসহ) | অতিরিক্ত কার্যাদেশ প্রদানের তারিখ | কাজ সমাপ্তির তারিখ | | অতিরিক্ত কার্যাদেশ প্রদানের যৌক্তিকতা (বিস্তারিত বিবরণ) |
|---|---|---|---|---|
| | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| ডব্লিউডি ৮ | ৩১/০৫/২০১৮ | ৩০/০৬/২০১৮ | ৩০/০৬/২০১৮ | পেট-সিটি মেশিনের স্থান/ফ্লোর পরিবর্তণের ফলে কেবলের পরিমান বৃদ্ধি। |

**১৫. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

| প্রকল্প পরিচালক এর নাম | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ডা: মো: রায়হান হোসেন | প্রধান চিকিৎসা কমকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ২৬/০১/২০১২-০৭/০৫/২০১৩ | অতিরিক্ত | না | ১টি |
| ড. মো: নুরুল ইসলাম | প্রধান বৈজ্ঞানিক কমকর্তা, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন | ০৭/০৫/২০১৩-৩০/৬/২০১৯ | নিয়মিত | না | ১টি |

## প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৬. **পরিদর্শনকৃত এলাকা**: সাইক্লোট্রন সুবিধাদিসহ পেট-সিটি স্থাপন প্রকল্প, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

১৭. **পরিদর্শন করী কর্মকর্তার নাম:**

গত ০১/০৯/২০২১ তারিখে জনাব এস, এম মহবুবুল হক, সিনিয়র সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সেক্টর-৭ কর্তৃক ঢাকাস্থ শাহবাগ এলাকায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে অবস্থিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালক ড. মোঃ নুরুল ইসলাম ও অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের সমাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে সকলের সাথে প্রকল্প বাস্তবায়ন ও বর্তমান অবস্থার বিষয়ে আলোচনা হয়।

১৮. **পরিদর্শন পদ্ধতি:** প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- কাজের তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ

**১৯. পূর্বে পরিদর্শনের বিবরণ:**

| পরিদর্শনকারী নাম ও পদবী | তারিখ |
|---|---|
| (খ) জনাব আ, ন, ম রোকন উদ্দিন, পরিচালক | ১৭/০৮/২০১৫ |
| (গ) জনাব মোঃ ইব্রাহীম খলিল, সহকারী পরিচালক | ৩১/১২/২০১৫ |
| (ক) জনাব মুহাম্মদ কামাল হোসেন তালুকদার, উপ পরিচালক | ১৭/০৮/২০১৬ |
| (ঘ) জনাব মোঃ রফিকুল আলম, পরিচালক | ৩০/১০/২০১৭ |
| (ঙ) ড. রণজিৎ কুমার সরকার, পরিচালক | ১৯/১১/২০১৮ |

**২০. সার্বিক পর্যালোচনা:**

সাইক্লোট্রন সুবিধাদিসহ পেট-সিটি স্থাপন শীর্ষক প্রকল্পটি অক্টোবর ২০১১ হতে সেপ্টেম্বর ২০১৫ সাল মেয়াদে মোট প্রাক্কলিত ব্যয় ১২০০০.০০ লক্ষ টাকা নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ অক্টোবর ২০১১ হতে সেপ্টেম্বর ২০১৬ মেয়াদে মোট ব্যয় অপরিবর্তিত রেখে ১২০০০.০০ লক্ষ টাকায় (১ম সংশোধন) মেয়াদ বৃদ্ধি করা হয়। এরপর ২য় বার সংশোধন করে ব্যয় বৃদ্ধি করে প্রাক্কলিত ব্যয় ১৩৮০০.০০ লক্ষ টাকা নির্ধারণ করে এর মেয়াদ অক্টোবর ২০১১ হতে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি পায়। ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদকাল অক্টোবর ২০১১ হতে সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা হয়। সর্বশেষ বিশেষ সংশোধনী এনে এর প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি পেয়ে ১৫০৭৪.৭১ লক্ষ টাকা নির্ধারণ করে মেয়াদকাল বৃদ্ধি পেয়ে দাড়ায় অক্টোবর ২০১১ হতে জুন ২০১৯ পর্যন্ত। এই প্রকল্পটির ব্যয় বৃদ্ধির পেয়েছে ৩০৭০.১৭ লক্ষ টাকা। অপরদিকে এর সময় বেড়েছে ৩ বছর ৯ মাস। সে হিসেবে Cost over run দারায় ২৫.৬২%। মূল ডিপিপিতে পেট-সিটি স্থাপনের নিমিত্ত ১৩ তলা ভিত্তি স্থাপনের বন্দোবস্ত ছিল। সে হিসেবে অর্থ বরাদ্দ রাখা হয়। কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়-এর নিজস্ব ভবনে জায়গা বরাদ্দ পাওয়ার কারণে ভবন নির্মাণের প্রয়োজন পরে নাই। সে হিসেবে সর্বশেষ সংশোধিত ডিপিপিতে এ খাতে কোন অর্থ বরাদ্দ রাখা হয়নি। তবে আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ অন্যখাতে

সমন্বয় করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। প্রকল্প পরিচালক জানান যে, প্রাপ্ত জায়গা পেট সিটি স্থাপনের জন্য পর্যাপ্ত হয়েছে। সমস্ত যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি স্থাপন করা গেছে। অপরদিকে ঢাকা মেডিকেল কলেজে ও হাসপাতালে বরাদ্দকৃত জায়গায় একটি পেট-সিটি মেশিন স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় ৫০০ KVA সাব স্টেশন স্থাপন করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান যে, বাংলাদেশ পরমানু শক্তি কমিশন ও বিএসএমএমইউ কর্তৃপক্ষের মধ্যে সমোঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।

ক্যান্সার আক্রান্তদের যথাযথ রোগ নির্ণয় ও আধুনিক চিকিৎসা সেবা প্রদানে পেট সিটি ও সাইক্লোট্রন মেশিনের গুরুত্ব অপরিসীম। এর মাধ্যমে সরকারের রাজস্ব আয় হচ্ছে। এ পর্যন্ত বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ২০৬৩ জন ও ঢাকা মেডিকেল কলেজ ৯৫৪ জন হিসেবে মোট ৩০১৭ জন চিকিৎসা সেবা নিয়েছেন। এই চিকিৎসা সেবা প্রদানের মাধ্যমে রাজস্ব আয় হয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে নিনমাস-এ ৬,৫০,৪০,০০০/- এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ৩,০০,০০,০০০/- মোট ৯,৫০,৪০,০০০/-টাকা। ডিপিপি পর্যালোচনান্তে দেখা যায় যে এই প্রকল্প উপর ফিজিবিলিটি স্টাডি করা হয়নি। সপ্তাহে মাত্র ২ দিন এই হাসপাতালে এই প্রকল্পের আওতায় সেবা কার্যক্রম প্রদান করা হয়। প্রকল্প পরিচালক জানান যে, জনবল সংকটের কারণে প্রতিদিন এই সেবা প্রদান সম্ভব হচ্ছে না। তবে তিনি জানান যে, শীঘ্রই জনবল নিয়োগের কাজ শুরু হবে। জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। পরিদর্শনকালে সকল যন্ত্রপাতি সচল অবস্থায় পাওয়া গেল। শৃঙ্খলভাবে রোগীদের চিকিৎসা প্রদান করা হচ্ছে মর্মে দেখা গেল। সেবা গ্রহণকারী রোগীদের সাথে আলোচনায় জানায় যে, তারা এই সেবা পেয়ে সন্তুষ্ট। এই প্রকল্পের আওতায় সকল যন্ত্রপাতির একটি হিসাব বহি: সংরক্ষণ করা হয়। তবে প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতিসমূহ এখনও টিওএন্ডইভুক্ত করা হয়নি। প্রকল্প পরিচালক জানায় যে, টিওএন্ডইভুক্ত করার বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষকে পত্র দেয়া হয়েছে। প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ও অন্যান্য মালামাল ক্রয়ের নিমিত্ত কারিগরি কমিটি, দরপত্র মূল্যায়ন কমিটি, দরপত্র প্রস্তুত কমিটি গঠন করা হয়। প্রকল্পের আওতায় একটি মাইক্রোবাস ক্রয় করা হয়েছে কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে এখনও টিওএন্ডইভুক্ত করা হয়নি। বিধি অনুসারে এটি টিওএন্ডইভুক্ত করা প্রয়োজন।

**২১. ক্রয় পর্যালোচনা:**

মূল ডিপিপি অনুসারে এই প্রকল্পের অনুকূলে পণ্য প্যাকেজ ৫৫টি, কার্য প্যাকেজ ১১টি, ও সেবা প্যাকেজ ০টি হিসেবে মোট ৬৬টি প্যাকেজ ছিল। প্যাকেজ পর্যালোচনায় দেখা যায় মূল ডিপিপিতে ভবন নির্মাণের ক্ষেত্রে বরাদ্দ রাখা হয়েছিল। পরবর্তীতে ১ম সংশোধনীতে ভবন নির্মাণ বাবদ কোন বরাদ্দ রাখা হয়নি। তবে মূল ডিপিপিতে ডিজেল জেনারেটর, এক্সটার্নাল ওয়াটার সাপ্লাই, কানেকশনে আর সিসি রোড ও বহিঃগ্যাস সংযোগ বাবদ অর্থ বরাদ্দ রাখা হয় এবং ১ম সংশোধনীতে এই বরাদ্দ বৃদ্ধির করা হয়। পর্যালোচনান্তে দেখা যায় সর্বশেষ বিশেষ সংশোধন অনুসারে মোট প্যাকেজ সংখ্য হয় ৬১টি। এর মধ্যে RFQ পদ্ধতিতে ৪১টি, LTM ৫টি ও OTM পদ্ধতিতে ১৫টি ক্রয় পদ্ধতি নির্ধারণ করা হয়। পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে ডিপিপি অনুসারে খাতভিত্তিক বরাদ্দ অনুসারে এই পরিমাণ অর্থ প্রকৃত খরচ হিসেবে দেখানো হয়েছে। প্রকল্প পরিচালকের নিকট জানতে চাওয়া হলে তিনি জানান যে প্রকল্পের আওতায় মূল/প্রথম সংশোধিত অনুমোদিত ডিপিপিতে অন্তর্ভুক্ত বিভিন্ন অংশের প্রকৃত ব্যয় শতভাগ হয়নি। বাস্তব প্রয়োজনে প্রকল্পের প্রায় শেষ পর্যায়ে এসে আন্তঃখাত সমন্বয়ের ফলে কিছু কিছু অংশে অতিরিক্ত অর্থের প্রয়োজন হওয়ায় পূর্বে সম্পাদিত কাজ/ক্রয়কৃত যন্ত্রপাতির প্রকৃত খরচের আলোকে অর্থের সংস্থান রেখে সাশ্রয়কৃত অর্থ সমন্বয় করার কারণে প্রায় সকল অংগের ব্যয় শতভাগ প্রতিফলিত হয়েছে।

**২২. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:** (লক্ষ টাকা)

| প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য | ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| জিডি-১<br>মূল্য ৩০৭৫.৮৩ | ডিপিপি অনুযায়ী জুন ২০১২ ও বাস্তবে ০৭/১১/২০১২ | ২৫/০৩/২০১৩, ইউএসডি ১৮,৮৫,০০০.০০ | ০৫/১১/২০১৩ | ২৮/১০/২০১৩ | |
| | ডিপিপি অনুযায়ী অক্টো ২০১৬ | ০৭/০৫/২০১৭, ইউএসডি | ০৫/০৮/২০১৮ | ০৩/০৮/২০১৮ | |

| প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য | ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| | ও বাস্তবে ১৯/১০/২০১৬ | ২০,২৫,০০০.০০ | | | |
| জিডি-২<br>মূল্য ৫৮৪৯.৫৫ | ডিপিপি অনুযায়ী মে ২০১৫ ও বাস্তবে ০৭/০৫/২০১৫ | ২৮/১০/২০১৫, ইউরো ৫৪,৪৭,১৯০.০০.০০ | ৩০/০৬/২০১৯ | ৩০/০৬/২০১৯ | |
| জিডি-৩<br>মূল্য ৮২.৪৫ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৫ থেকে অক্টো ২০১৬ ও বাস্তবে ১৩/০৭/২০১৭ | ১০/১২/২০১৭, ইউএসডি ৯৫,০০০.০০ | ১০/০৪/২০১৯ | ০৮/০৪/২০১৯ | |
| জিডি-৪<br>মূল্য ২৭৮.৫১ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৫ থেকে অক্টো ২০১৬ ও বাস্তবে ১৩/০৭/২০১৭ | ১০/১২/২০১৭, ইউএসডি ৩,৩০,০০০.০০ | ৩০/০৬/২০১৯ | ২০/০৬/২০১৯ | |
| জিডি-৫<br>মূল্য ১১৪২.৩২ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৫ থেকে মার্চ ২০১৬ ও বাস্তবে ২৮/১০/২০১৫ | ২১/০৪/২০১৬, ইউরো ১০,৮৭,৯২৩.০০ | ৩০/০৬/২০১৯ | ৩০/০৬/২০১৯ | |
| জিডি-৬<br>মূল্য ৩৭৭.৬০ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৫ ও বাস্তবে ২৬/০১/২০১৭ | ২১/০৮/২০১৭, ইউএসডি ৪,৫৬,০০০.০০ | ২১/১২/২০১৮ | ২০/১২/২০১৮ | |
| জিডি-৬(এ)<br>মূল্য ২০৬.২০ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৫ থেকে অক্টো ২০১৬ ও বাস্তবে ১৩/০৬/২০১৭ | ১৪/১২/২০১৭ ইউএসডি ২,৪২,২৫০.০০ | ৩০/০৩/২০১৯ | ২০/০৩/২০১৯ | |
| জিডি-৭<br>মূল্য ১৭১৯.২১ | ডিপিপি অনুযায়ী মে ২০১৪ ও বাস্তবে ২৫/০৮/২০১৩ | ১৮/১২/২০১৩, ইউএসডি ১৬,১৬,৯৬,২৫০.০০ | ৩১/১২/২০১৭ | ২৫/১২/২০১৭ | |
| জিডি-১০ ও<br>মূল্য ২০০.০০ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৬ ও বাস্তবে ২৬/০৮/২০১৪, ১৪/১২/২০১৪, ১৯/০২/২০১৭, ২৩/০৫/২০১৮ | ১৩/০১/২০১৪,<br>২৯/১১/২০১৫,<br>৩০/০৩/২০১৭,<br>২৭/৬/২০১৮<br>টাকা (টাকায়) ২০০.০০ | ১৩/১০/২০১৪<br>৩১/১২/২০১৬<br>৩০/০৩/২০১৮<br>২৭/০৬/২০১৯ | ০৫/১০/২০১৪<br>৩১/১২/২০১৬<br>৩০/০৩/২০১৮<br>২৭/০৬/২০১৯ | |
| জিডি-৫৫<br>মূল্য ১.৫০ | ডিপিপি অনুযায়ী জানু. ২০১৭, জুলাই ২০১৮ ও বাস্তবে ০৪/০২/২০১৯ | ২৪/০২/২০১৯<br>টাকা (লক্ষ টাকায়) ১.৫০ | ১১/০৩/২০১৯ | ১১/০২/২০১৯ | |
| ডব্লিউডি ৮<br>মূল্য ৫২০.৫৫ | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৬, ও বাস্তবে ১২/০৫/২০১৪ | ২১/০৬/২০১৪<br>টাকা (লক্ষ টাকায়)<br>২১.৯৯ | ১৮/৭/২০১৪ | ২৯/০৬/২০১৪ | |
| | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৬, ও বাস্তবে ১০/০৭/২০১৬ | ৩০/০৮/২০১৬<br>টাকা (লক্ষ টাকায়)<br>১২৬.৪০ | ০১/০৩/২০১৭ | ১২/০২/২০১৬ | |
| | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৬, ও বাস্তবে ০৬/১১/২০১৬ | ১২/০২/২০১৭,<br>১৪/০৬/২০১৮<br>টাকা (লক্ষ টাকায়)<br>২৬১.৮৪ | ২১/০৬/২০১৭<br>৩০/০৬/২০১৮ | ১৮/০৬/২০১৭<br>৩০/০৬/২০১৮ | |
| | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৬, | ১৪/০৬/২০১৮ | ৩০/০৬/২০১৮ | ৩০/০৬/২০১৮ | |

| প্যাকেজ নং এবং প্রাক্কলিত মূল্য | ডিপিপি অনুযায়ী দরপত্র আহ্বানের তারিখ এবং বাস্তবে দরপত্র আহবানের তারিখ | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| | ও বাস্তবে ১৩/১১/২০১৭ | টাকা (লক্ষ টাকায়) ৬৬.০৩ | | | |
| | ডিপিপি অনুযায়ী জুলাই ২০১৬, ও বাস্তবে ১৩/১১/২০১৭ | ১৪/০৬/২০১৮ টাকা (লক্ষ টাকায়) ৪৩.৯৬ | ৩০/০৬/২০১৮ | ৩০/০৬/২০১৮ | |

**২৩. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:**

| সময় | অডিট প্রতিবেদন দাখিলের সময় | প্রধান প্রধান ফাইন্ডংস | নিস্পত্তির অবস্থা |
|---|---|---|---|
| জুলাই ২০১৫-জুন ২০১৬ | ১৯/০৩/২০১৭-২১/০৩/২০১৭ | *এলসি কমিশন হতে ভ্যাট ও ট্যাক্স কর্তন না করায় সরকারের রাজস্ব ক্ষতি। টাকার পরিমান : ২,৮৬,০৪৮ | সরকারী কোষাগারে জমা প্রদানের প্রমাণকের আলোকে নিস্পত্তি করা হয়েছে। |
| জুলাই ২০১৬-জুন ২০১৭ | ২৪/০১/২০১৮-২৫-০১-২০১৮ | * আয়কর কর্তন ব্যতিত সরবরাহ খাতের বিল পরিশোধে রাজস্ব ক্ষতি।<br>* F-18 FDG আইসোটোপ ক্রয় বাবদ বিল অনিয়মিত পরিশোধ। | ২০১৬-২০১৭ অর্থবছরের ৩,১৯,৭৮৯/= টাকার ১টি অডিট আপত্তিটি নিস্পত্তির জন্য প্রমাণক প্রেরণ করা হয়েছে যা বাপশকের কেন্দ্রীয়ভাবে নিস্পত্তির জন্য প্রক্রিয়াধীন রয়েছে। |
| জুলাই ২০১৭-জুন ২০১৮ | ১৮/০৩/২০১৯-২১-০৩-২০১৯ | *সরবরাহকারীর নিকট হতে আয়কর কম কর্তন করায় রাজস্ব ক্ষতি। | সকল আপত্তি নিস্পত্তি হয়েছে। |
| জুলাই ২০১৮-জুন ২০১৯ | ২৩/০২/২০২০-২৭/০২/২০২০ | ব্যংক সুদের অর্থ, অব্যয়িত অর্থ জমাদান, পিপিআর অনুসারে ক্রয় না করায় আসবাবপত্র ক্রয়ের অনিয়মের বিষয়ে আপত্তি হয়। | ব্রড সিট জমা প্রদান করা হয়েছে। নিস্পত্তির অপেক্ষায় আছে। |

**২৪. পিআইসি/ স্টিয়ারিং সভা সংক্রান্ত:**

**২৪.১ পিআইসি:**

| অর্থবছর | ডিপিপি অনুযায়ী সংখ্যা | অনুষ্ঠিত সভা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০১১-২০১২ | ৬ | ১ | প্রতি ২ (দুই) মাস অন্তর TOR অনুসারে PIC সভা করার শর্ত ছিল। তুলনামুলক বিবরণী অনুসারে ১৬টি সভা কম করা হয়েছে। |
| ২০১২-২০১৩ | ৬ | ৪ | |
| ২০১৩-২০১৪ | ৬ | ৩ | |
| ২০১৪-২০১৫ | ৬ | ৫ | |
| ২০১৫-২০১৬ | ৬ | ৫ | |

| অর্থবছর | ডিপিপি অনুযায়ী সংখ্যা | অনুষ্ঠিত সভা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০১৬-২০১৭ | ৬ | ৫ | |
| ২০১৭-২০১৮ | ৬ | ৫ | |
| ২০১৮-২০১৯ | ৬ | ৪ | |
| মোট | ৪৮ | ৩২ | |

**২৪.২ স্টিয়ারিং:**

| অর্থবছর | ডিপিপি অনুযায়ী সংখ্যা | অনুষ্ঠিত স্টিয়ারিং সভা | মন্তব্য |
|---|---|---|---|
| ২০১১-২০১২ | ২ | ১ | প্রতি ৬ (ছয়) মাস অন্তর TOR অনুসারে সভা করার শর্ত ছিল। তুলনামুলক বিবরণীর শর্ত অনুসারে সভা করা হয়েছে। |
| ২০১২-২০১৩ | ২ | ২ | |
| ২০১৩-২০১৪ | ২ | ২ | |
| ২০১৪-২০১৫ | ২ | ৩ | |
| ২০১৫-২০১৬ | ২ | ২ | |
| ২০১৬-২০১৭ | ২ | ২ | |
| ২০১৭-২০১৮ | ২ | ২ | |
| ২০১৮-২০১৯ | ২ | ২ | |
| মোট | ১৬ | ১৬ | |

**২৫. সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা সংক্রান্ত:**

| সভার তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১২/০২/২০১৯ | ১. জুন ২০১৯ এর মধ্যে অবশ্যই প্রকল্পের সকল যন্ত্রপাতি ব্যবহার উপযোগী করে প্রকল্প সমাপ্ত করতে হবে।<br>২. প্রকল্প সমাপ্ত হওয়ার পর প্রকল্পের আওতায় সংগৃহীত পেট-সিটি ও সাইক্লোট্রনসহ সকল যন্ত্রপাতির জন্য রাজস্ব খাতে প্রয়োজনীয় জনবলের পদ সৃষ্টি ও জনবল নিয়োগের জন্য বাংলাদেশ পরমানু শক্তি কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে। | জুন ২০১৯ এর মধ্যে অবশ্যই প্রকল্পের সকল যন্ত্রপাতি ব্যবহার উপযোগী করে প্রকল্প সমাপ্ত করা হয়েছে<br>২. প্রকল্প সমাপ্ত হওয়ার পর প্রকল্পের আওতায় সংগৃহীত পেট-সিটি ও সাইক্লোট্রনসহ সকল যন্ত্রপাতির জন্য রাজস্ব খাতে প্রয়োজনীয় জনবলের পদ সৃষ্টি করা হয়েছে ও জনবল নিয়োগের জন্য বাংলাদেশ পরমানু শক্তি কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করছে। |

**২৬. যানবাহন সম্পর্কিত তথ্য:**

| যানবাহনের নাম | সংখ্যা | ক্রয়ের তারিখ | পরিবহন পুলে হস্তান্তর হলে তারিখ | পরিবহন পুলে হস্তান্তর না হলে বর্তমান অবস্থার বিস্তারিত বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মাইক্রোবাস | ১টি | ১৪/০৬/২০১২ | ---- | বাপশক এ জমা প্রদান | টিওএন্ডইভূক্ত করা হয়নি। |

**২৭. প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জন:**

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| দেশে সরকারি খাতে সর্বপ্রথম পেট-সিটি প্রযুক্তি স্থাপন করা। | দেশে সরকারি খাতে সর্বপ্রথম পেট-সিটি প্রযুক্তি স্থাপন করা হয়েছে। |
| সাইক্লোট্রন স্থাপন করা, যার মাধ্যমে ক্লিনিক্যাল ও রিসার্চ কাজের জন্য আইসোটোপ তৈরি করা যায় । | সাইক্লোট্রন স্থাপন করা, যার মাধ্যমে ক্লিনিক্যাল ও রিসার্চ কাজের জন্য আইসোটোপ তৈরি করা যাচ্ছে । |
| দক্ষ জনবল তৈরি করা যাতে পেট-সিটি এর কাজ সুষ্ঠুভাবে করা যায়। | দক্ষ জনবল তৈরি করা হয়েছে যাতে পেট-সিটি এর কাজ সুষ্ঠুভাবে করা যায়। |
| এই পেটসিটি প্রযুক্তির দ্বারা মানব শরীরের বিভিন্ন অংগ যথা থাইরয়েড, কিডনি, যকৃত, হাঁড়, হৃদপিন্ড, ব্রেইন ইত্যাদির ক্যান্সার ও জটিল রোগ নির্ণয় করা যাবে। | এই পেটসিটি প্রযুক্তির দ্বারা মানব শরীরের বিভিন্ন অংগ যথা থাইরয়েড, কিডনি, যকৃত, হাঁড়, হৃদপিন্ড, ব্রেইন ইত্যাদির ক্যান্সার ও জটিল রোগ নির্ণয় করা শুরু হয়েছে। এ পর্যন্ত মোট ৩০১৭ জন সেবা গ্রহণ করেছে। |
| দেশের দু:খী ও আপামর সাধারণ জনগণের কাছে স্বল্পমূল্যে উন্নত ও আধুনিক প্রযুক্তি পৌছানো। | দেশের দু:খী ও আপামর সাধারণ জনগণের কাছে স্বল্পমূল্যে উন্নত ও আধুনিক প্রযুক্তি পৌছানো গেছে। |
| জনগণের স্বাস্থ্য সেবা উন্নতকরণের মাধ্যমে দারিদ্র বিমোচন করা ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ অবদান রাখা। | জনগণের স্বাস্থ্য সেবা উন্নতকরণের মাধ্যমে দারিদ্র বিমোচন করা গেছেও আর্থ সামাজিক প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। |

**২৮. যানবাহন যন্ত্রপাতি ও অফিস সরঞ্জাম টিওএন্ডইভুক্তকরণ:**

প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি বর্তমানে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলাইড সাইসন্সেস (নিনমাস), বিএইসি, বিএসএমএমইউ ক্যাম্পাস, শাহবাগ, ঢাকা ও ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এলাইড সাইসন্সেস (ইনমাস), বিএইসি, ডিএমসিএইচ ক্যাম্পাস, ঢাকা-তে ব্যবহৃত হচ্ছে। প্রকল্পের আওতায় ক্রয়কৃত যন্ত্রপাতি/আসবাবপত্র যে ভবনে স্থাপন করা হয়েছে সে ভবনটি বিএসএমএমইউ একটি প্রকল্পের আওতায় পিডব্লিউডি কর্তৃক নির্মিত হয়েছে যা অনেক বিলম্বে অর্থাৎ জুন/২০১৮ তে BAEC-কে বুঝে দেওয়ার কারনে ক্রয়কৃত যন্ত্রপাতি/ আসবাবপত্র/কম্পিউটার সরন্জামাদি ইনস্টলেশন করতে দেরী হয়। তাই ক্রয়কৃত যন্ত্রপাতি/ আসবাবপত্র/ কম্পিউটার সরঞ্জামাদি যথাসময়ে টিওএন্ডইভুক্তকরণ বা হস্তান্তর করা সম্ভবপর হয়নি মর্মে প্রকল্প পরিচালক জানান। তবে ইতিমধ্যে

টিওএন্ডইভুক্তকরণ বা হস্তান্তরের জন্য প্রধান কার্যালয়ে পত্র লেখা হয়েছে । জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে ক্রয়কৃত ক্রয়কৃত মাইক্রোবাস টিওএন্ডইভুক্ত করা প্রয়োজন।

**২৯. সুবিধাভোগিদের মতামত:**

সুবিধাভোগীরা বর্তমানে পেট-সিটি স্ক্যান ও আইসোটোপ সেবা পাচ্ছে। তাছাড়া রিসার্চ কাজের জন্য উপযুক্ত পরিবেশ তৈরি হয়েছে। পেট সিটি সেন্টারে চিকিৎসা নিতে আসা রোগীদের সাথে আলোচনায় হয়। তারা জানায় যে এখানে তার কাঙ্খিত সেবা পাচ্ছে। প্রকল্প পরিচালক জানায় যে, ক্যান্সারের এই চিকিৎসার পরীক্ষা নিরীক্ষার জন্য বিদেশে অধিক টাকা ব্যয় হয় সেই ক্ষেত্রে রোগীরা এই চিকিৎসা সেবা অনেক অল্প টাকায় নিনমাস কেন্দ্রে হতে সেবা নিতে পারছেন।

**৩০. অগ্নিনির্বাপক ব্যবস্থার বিবরণ:**

অগ্নিনির্বাপন জন্য কার্বন-ডাই-অক্সাইড সমৃদ্ধ অটোমেটিক বিশেষ অগ্নিনির্বাপনের ব্যবস্থার চাল করা হয়েছে। এই ব্যবস্থার অত্যন্ত উন্নতমানের। অগ্নি নিরাপত্তার স্বার্থে মাঝে মাঝে পরীক্ষা করে চালু রাখার ব্যবস্থার নেয়া প্রয়োজন।

**৩১. প্রকল্প বাস্তবায়নে সমস্যা/বাধা:**

সাইক্লোট্রন যন্ত্রটি সর্বপ্রথম রিগিং করে নির্ধারিত স্থানে বসানোর সময় অসুবিধায় পড়তে হয়েছে। অনকোলজি বিল্ডিং-এর সম্মুখের রাস্তা অত্যন্ত অপ্রশস্ত হওয়ায় ক্রেন প্লেসমেন্ট করতে অসুবিধা হচ্ছিল, পরে বাউন্ডারী ওয়াল ভেঙ্গে রাস্তা প্রশস্ত করে ক্রেন বসানো হয় এবং পরে রিগিং-এর মাধ্যমে সাইক্লোট্রন যন্ত্রটি নির্ধারিত স্থানে স্থাপন করা হয় ও তাতে প্রচুর অতিরিক্ত সময় ব্যয় হয়।

**৩২. সাইট/পরিদর্শন বহি:**

এ প্রকল্পের আওতায় ভবন নির্মাণের বিষয়ে মুল ডিপিপিতে সংস্থান থাকলেও পরবর্তিতে ভবন নির্মাণের প্রয়োজন পড়েনি। সে ক্ষেত্রে পরিদর্শন বহি সংরক্ষণের প্রয়োজন হয়নি।

**৩৩. সম্পদ বহি:**

প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল বৈজ্ঞানিক যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম ও আসবাবপত্রের সম্পদ বহিতে সংরক্ষণ করা হয়। এই সম্পদ বহির একটি কপি প্রশাসনিক সংস্থায় প্রেরণ করা প্রয়োজন।

৩৪. **প্রশিক্ষণ ব্যয় :**

প্রকল্পের আওতায় সংস্থানকৃত ০৮ জনের পরিবর্তে ০৭ জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। কিন্তু প্রাক্কতিলত ব্যয় ১১৩.২৮ লক্ষ টা শতকরা ব্যয় করা হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পে ৮ জন কর্মকর্তার বৈদেশিক কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান ছিল কিন্তু বাস্তব প্রেক্ষাপটে ০৭ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। একজন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন করা সম্ভব হয় নি। ২০১৮-২০১৯ অর্থবছরে বৈদেশিক বরাদ্দকৃত ১.৪৮ লক্ষ টাকাসহ অন্যান্য খাতের অব্যয়িত অর্থ ১,৮৯,২১২/- টাকা সরকারি কোষাগারে জমা করা হয়। প্রকৃতপক্ষে বৈদেশিক প্রশিক্ষণ খাতে ব্যয় হয় (১১৩.২৮-১.৪৮)= ১১১.৮০ লক্ষ টাকা যা অসাবধানতাবশতঃ ১১৩.২৮ লক্ষ টাকা লেখা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

৩৫. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:

**৩৬. সুপারিশ/মন্তব্য:**

৩৬.১। প্রকল্পের আওতায় ক্রয়কৃত বৈজ্ঞানিক যন্ত্রপাতি, অফিস সরঞ্জাম, আসবাবপত্র ও যানবাহন জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র অনুসারে টিওএন্ডইভুক্ত করতে হবে।

৩৬.২। ২০১৬-২০১৭ অর্থবছরের অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২০১৮-২০১৯ সালে অডিট আপত্তির বিপরীতে জবাব প্রদান করা হয়েছে। অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তির ব্যবস্থার গ্রহণ করতে প্রকল্প পরিচালক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল।

৩৬.৩। এই প্রকল্পের আওতায় ক্রয়কৃত সকল যন্ত্রপাতি, আসবাবপত্র, যানবাহনের সম্পদ বহির ছায়ালিপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে। সম্পদসমূহ প্রশাসনিক সংস্থায় জমা প্রদান করে এর প্রমাণক আইএমই বিভাগে প্রেরণ করতে হবে।

৩৬.৪। এই প্রকল্পের আওতায় সেবা প্রদানের মাধ্যমে আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে নিয়মিতভাবে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে প্রশাসনিক সংস্থাকে মনিটরিং-এর ব্যবস্থা নিতে হবে।

৩৬.৫। পেট-সিটি আওতায় চিকিৎসা সেবা প্রতিদিন প্রদানের ব্যবস্থার ক্ষেত্রে প্রয়োজনীয় জনবল নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে। এ বিষয়ে প্রকল্প পরিচালক ও প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল।

৩৬.৬। উপযুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/ সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন প্রকল্প শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

**(সমাপ্ত:** জুন ২০১৯)

## প্রকল্পের মৌলিক তথ্য

১. **প্রকল্পের নাম** : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন প্রকল্প।

২. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৩. **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

৪. **প্রকল্পের ধরণ** : বিনিয়োগ প্রকল্প

৫. **অর্থায়নের উৎস** : জিওবি

৬. **প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:** (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলন ব্যয় | | বাস্তবায়নকাল | অনুমোদনের তারিখ | পরিবর্তন | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | | | ব্যয় | মেয়াদ |
| মূল | ৯৯৪৯.৮৬ | ৯৯৪৯.৮৬ | জানুয়ারি ২০১৪ থেকে জুন ২০১৬ | ০৮-০৪-২০১৪ | -- | -- |
| ১ম সংশোধিত | ২২৯৮৮.৫৩ | ২২৯৮৮.৫৩ | জানুয়ারি ২০১৪ থেকে জুন ২০১৮ | ০১-০৩-২০১৮ | -- | -- |
| ১ম আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয় ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ২২৯৮৮.৫৩ | ২২৯৮৮.৫৩ | জানুয়ারি ২০১৪ থেকে জুন ২০১৯ | ৩০-০৪-২০১৮ | +১২৩.২২% | +১২৪.১৪% |

**৭. প্রকল্প এলাকা:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন প্রকল্প, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

**৮. প্রকল্পের উদ্দেশ্য:**

- একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা প্রদানের মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি কার্যক্রম প্রচার;
- বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত একাডেমি, সমিতি, ক্লাব এবং বিজ্ঞান সম্পর্কিত অন্যান্য সংস্থাগুলির জন্য একটি স্থায়ী প্ল্যাটফর্ম প্রতিষ্ঠা করা এবং তাদের একই প্ল্যাটফর্মে আনা;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, বিজ্ঞান অলিম্পিয়ার্ড এবং অনুরূপ অন্যান্য কার্যক্রম আয়োজনের জন্য একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা তৈরি করা;
- জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম এবং অন্যান্য বিজ্ঞান সম্পর্কিত সভা আয়োজনের জন্য উপযুক্ত সুবিধা প্রদান করা।

**৯. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ:**

- জমি অধিগ্রহণ
- ভবন নির্মাণ
- যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ

➢ আসবাবপত্র সংগ্রহ

**প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত তথ্য:**

**১০. অঙ্গভিত্তিক অগ্রগতি:**

(লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী লক্ষ্য মাত্রা | | প্রকৃত খরচ | |
|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৪ | ০৫ | ০৭ | ০৮ |
| ক) রাজস্ব | | আর্থিক | | আর্থিক | |
| | | জিওবি | মোট | জিওবি | মোট |
| ১ | কর্মকর্তাদের বেতন | ৫৭.৬০ | ৫৭.৬০ | ৫৭.৬০ | ৫৭.৬০ |
| ২ | কর্মচারিদের বেতন | ১৫.১৪ | ১৫.১৪ | ১৫.১৪ | ১৫.১৪ |
| ৩ | যাতায়াত ভাতা | ০.২৪ | ০.২৪ | ০.২৪ | ০.২৪ |
| ৪ | মহার্ঘ ভাতা | ১.৩৬ | ১.৩৬ | ১.৩৬ | ১.৩৬ |
| ৫ | প্রেষণ ভাতা | ১.১৫ | ১.১৫ | ১.১৫ | ১.১৫ |
| ৬ | শিক্ষা ভাতা | ০.৬৩ | ০.৬৩ | ০.৬৩ | ০.৬৩ |
| ৭ | বাড়ি ভাড়া ভাতা | ৩৩.০৪ | ৩৩.০৪ | ৩৩.০৪ | ৩৩.০৪ |
| ৮ | চিকিৎসা ভাতা | ২.৯২ | ২.৯২ | ২.৯২ | ২.৯২ |
| ৯ | মোবাইল/সেল ফোন ভাতা | ০.৭২ | ০.৭২ | ০.৫৪ | ০.৫৪ |
| ১০ | যানবাহন রক্ষণাবেক্ষণ | ২৭.৮৫ | ২৭.৮৫ | ২৭.৬৬ | ২৭.৬৬ |
| ১১ | টিফিন ভাতা | ০.২৫ | ০.২৫ | ০.২৫ | ০.২৫ |
| ১২ | উৎসব ভাতা | ১২.০৬ | ১২.০৬ | ১২.০৬ | ১২.০৬ |
| ১৩ | শ্রান্তি বিনোদন | ১.৩৪ | ১.৩৪ | ১.৩৪ | ১.৩৪ |
| ১৪ | আপ্যায়ন | ০.৩৪ | ০.৩৪ | ০.৩৪ | ০.৩৪ |
| ১৫ | বাংলা নববর্ষ | ১.১২ | ১.১২ | ১.১২ | ১.১২ |
| ১৬ | সম্মানী ভাতা | ১৭.৭৭ | ১৭.৭৭ | ১৭.৭৭ | ১৭.৭৭ |
| ১৭ | ভ্রমণ ভাতা | ১.৩৪ | ১.৩৪ | ১.৩৪ | ১.৩৪ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮ | ইউলিটি কানেকশন সার্ভিস চার্জ | ৭.৯৬ | ৭.৯৬ | ৭.৯৬ | ৭.৯৬ |
| ১৯ | টেলিফোন | ০.৭৮ | ০.৭৮ | ০.৬৭ | ০.৬৭ |
| ২০ | প্রচার ও বিজ্ঞাপন ব্যয় | ১৬.৭৭ | ১৬.৭৭ | ১৬.৭৭ | ১৬.৭৭ |
| ২১ | কম্পিউটার সামগ্রী | ২.৩৪ | ২.৩৪ | ২.৩৪ | ২.৩৪ |
| ২২ | অন্যান্য মনিহারী | ১৯.১১ | ১৯.১১ | ১৯.১১ | ১৯.১১ |
| ২৩ | হায়ারিং চার্জ | ৪৬.৭১ | ৪৬.৭১ | ৪৬.৩৭ | ৪৬.৩৭ |
| ২৪ | ব্যবস্থাপনা ব্যয় | ৩.১৫ | ৩.১৫ | ৩.১৫ | ৩.১৫ |
| ২৫ | বৈদেশিক ভ্রমণ | ৭২.৬১ | ৭২.৬১ | ৭২.৬১ | ৭২.৬১ |
| ২৬ | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ০.৫০ | ০.৫০ | ০.৩৬ | ০.৩৬ |
| ২৭ | কনসাল্টেন্সি | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| | উপ-মোট (রাজস্ব) | ৩৭৪.৮০ | ৩৭৪.৮০ | ৩৭৩.৯৮ | ৩৭৩.৯৮ |
| **(খ) মূলধন** | | | | | |
| ২৮ | অফিস সরঞ্জাম | ১৮.৪২ | ১৮.৪২ | ১৮.৪২ | ১৮.৪২ |
| ২৯ | আসবাবপত্র | ৮৭৯.৫৭ | ৮৭৯.৫৭ | ৮৭৯.৫৭ | ৮৭৯.৫৭ |
| ৩০ | অনাবাসিক ভবন | ১৬০১৯.৯৩ | ১৬০১৯.৯৩ | ১৬০১৯.৯৩ | ১৬০১৯.৯৩ |
| ৩১ | স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ | ১৩৫.৭২ | ১৩৫.৭২ | ১৩৫.৭২ | ১৩৫.৭২ |
| ৩২ | সীমানা প্রাচীর ও গেট (অনাবাসিক ভবন) | ১৯৯.৬০ | ১৯৯.৬০ | ১৯৯.৬০ | ১৯৯.৬০ |
| ৩৩ | আরবরি কালচার | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| ৩৪ | বহিঃস্থ বিদ্যুতায়ন (লাইন ও তার) | ৬৮১.০১ | ৬৮১.০১ | ৪০.০০ | ৬৮১.০১ |
| ৩৫ | বৈদ্যুতিক সরঞ্জামাদি | ৩৮৭২.০৯ | ৩৮৭২.০৯ | ৩০৬৫.৩৬ | ৩৮৭২.০৯ |
| | **উপ- মোট মূলধন** | **২১৮৩৬.৩৪** | **২১৮৩৬.৩৪** | **১৯৫৫৫.০১** | **২১৮৩৬.৩৪** |
| ৩৬ | ফিজিক্যাল ও প্রাইজ কন্টিনজেন্সি | ৭৭৭.৩৯ | ৭৭৭.৩৯ | - | -- |
| | **সর্বমোট (ক+খ+গ+ঘ)** | **২২৯৮৮.৫৩** | **২২৯৮৮.৫৩** | **২২২০৯.৮০** | **২২২০৯.৮০** |

**১১. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও প্রকৃত ব্যয়:**

(লক্ষ টাকা)

| অর্থবছর | ডিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থছাড় (%) | প্রকৃত ব্যয় (%) |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ২০১৪-১৫ | ১৩০.৩৮ | ৩০০.০০ | ৩০০.০০ (১০০.০০%) | ২৯১.১৪ (৯৭.০৫%) |
| ২০১৫-১৬ | ৫৫৪৯.৩৭ | ২৮৬৫.০০ | ২৮৬৫.০০ (১০০.০০%) | ২৮৬.৮৯ (৯৯.৯৯%) |
| ২০১৬-১৭ | ৬৩০৮.৩৫ | ৪১৩০.০০ | ৪১৩০.০০ (১০০.০০%) | ৪১২৯.৮৩ (৯৯.৯৯%) |
| ২০১৭-১৮ | ৭০৭৫.০৮ | ৫০৭১.০০ | ৫০৭১.০০ (১০০.০০%) | ৫০৫২.২০ (৯৯.৬৩%) |
| ২০১৮-১৯ | ৩৯২৫.৭২ | ৯৮৫৪.০০ | ৭১২৫.০০ (৭২.৩০%) | ৭০৯৪.৫০ (৭১.৯৯%) |
| মোট | ২২৯৮৮.৫৩ | ২২২২০.০০ | ১৯৪৯১.০০ | ১৯৪৩২.৩৬ |

১২. **ডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা:** (ক) পণ্য প্যাকেজ **০৬** টি (খ) পূর্ত প্যাকেজ ২৩ (গ) সেবা প্যাকেজ **০৪**টি =মোট প্যাকেজ সংখ্যা **৩৩**টি

১৩. **ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশ সংক্রান্ত :** প্রযোজ্য নয়।

১৪. **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

| প্রকল্প পরিচালকের নাম | মূল দপ্তর ও পদবি | দায়িত্বকাল | দায়িত্বের ধরন (নিয়মিত/ অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| জনাব মোঃ মনজুর রহমান | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়<br>পদবিঃ যুগ্মসচিব | ০৪/০৯/২০১৪-২২/০৭/২০১৯ | নিয়মিত | না | ০১ (একটি) |

## প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১৫. **পরিদর্শনকৃত এলাকা :** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণ শীর্ষক সমাপ্ত প্রকল্প, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

১৬. **পরিদর্শনকারী কর্মকর্তার নাম :**

গত ২/৪/২০২৩ তারিখে জনাব এস, এম মাহবুবুল হক, সহকারী পরিচালক (সিনিয়র সহকারী সচিব) সেক্টর-১ (প্রাক্তন সেক্টর-৭) কর্তৃক আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে ড. আবু নাছের চৌধুরী, তত্ত্বাবোধায়ক প্রকৌশলী, গণপূর্ত বিভাগ , জনাব মো: গোলাম নবী হাওলাদার, উপ-সহকারী প্রকৌশলী,

গণপূর্ত রিসোর্স বিভাগ, ঢাকা এবং জনাব মাসুদুর রহমান, কিউরেটর, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর, ঢাকা উপস্থিত ছিলেন।

**১৭. পরিদর্শন পদ্ধতি:** প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

- প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন; এবং
- কাজের তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ।

**১৮. সার্বিক মুল্যায়ন :** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণ শীর্ষক সমাপ্ত প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৯৯৪৯.৮৬ লক্ষ টাকায় জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৬ পর্যন্ত বাস্তবায়নকাল নির্ধারণপূর্বক গত ৮/০৪/২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্প বাস্তবায়ন বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর মূল্যবান মতামত ও নিদের্শনা নিমিত্ত উপস্থাপন করা হলে গাড়ী পাকিং, ওয়েটিং রুম, শিশু সেবা কেন্দ্র, সোলার সিস্টেম অন্তর্ভুক্ত করে ডিপিপি পুর্ণগঠন করে সংশোধিত প্রকল্প প্রস্তাব গ্রহণের জন্য নির্দেশনা পাওয়া যায়। সে আলোকে সংশোধিত প্রকল্পের ব্যয় ১৩০৩৮.৬৭ লক্ষ টাকা বৃদ্ধি পেয়ে মোট প্রাক্কলিত ব্যয় ২২৯৮৮.৫৩ লক্ষ টাকা নির্ধারণ করা হয়। প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থে বাস্তবায়িত হয়েছে। পরবর্তীতে প্রকল্পটির আন্তঃঅংগ সমন্বয়ের নিমিত্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১বছর মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পের মোট বাস্তবায়ন মেয়াদকাল জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৯ পর্যন্ত নির্ধারণ করা হয়। উল্লেখিত ব্যয় ও মেয়াদ বৃদ্ধির ফলে প্রকল্পটির কস্ট ওভার রান হয়েছে ১২৩.২২% এবং টাইম ওভার রান হয়েছে ১২৪.১৪%, যা অনাকাংখিত। প্রকল্পটি বাস্তবায়নকারী সংস্থা হিসেবে গণপূর্ত অধিদপ্তর নিয়োজিত ছিল। এখানে উল্লেখ্য, বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণকালে শেরেবাংলা নগর, আগারগাঁও প্রশাসনিক এলাকার ই-১৩/ডি (০.৬২৭ একর) ও ই-১৩/ই (০.৬২৭ একর) নম্বর প্লট দুটিকে একীভূত করে মোট ১.২৫৪ একর জমি লীজ দলিলের মাধ্যমে শর্তসাপেক্ষে বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রদান করা হয়।

ডিপিপির পর্যালোচনায় দেখা যায় যে, এই প্রকল্পটি গ্রহণের পূর্বে কোন ফিজিবিলিটি স্ট্যাডি করা হয়নি। এই প্রকল্পে বিজ্ঞান প্রযুক্তি ভবন নির্মাণের কাজ সংশ্লিষ্ট বিধায় পানি, বাতাস ও জীব বৈচিত্রের উপর কোন প্রভাব পড়েনি। উন্নয়ন প্রকল্পের জনবল নির্ধারণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি কর্তৃক এ প্রকল্পের জন্য ৬টি পদের অনুমোদ দেয়া হয়। এ প্রকল্পের আওতায় কোন গাড়ি ক্রয়ের সংস্থান ছিল না। পিসিআর এর তথ্য অনুসারে দেখা যায় প্রকল্পটির মোট মেয়াদকালে প্রশাসনিক মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ে প্রতিনিধি কর্তৃক ৩৯ বার, আইএমইডি কর্তৃক ৩ বার পরিদর্শন করা হয়। প্রকল্প সমাপ্তির পর এটি রাজস্বখাতে স্থানান্তর হওয়ার বিষয়ে সুস্পষ্ট কোন এক্সিট প্ল্যান ডিপিপিতে উল্লেখ নেই। মূল ডিপিপিতে শিক্ষা সফরের বিষয়ে কোন খাত উল্লেখ ছিল না, কিন্তু সংশোধিত ডিপিপিতে ৫ জন সদস্যদের জন্য ৭৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। তবে PCR এর তথ্য মতে মোট ৬ জন সদস্য বিদেশে শিক্ষা সফর করেন। কিন্তু এ বিষয়ে কোন ব্যাখ্যা/বক্তব্য দেয়া হয়নি। সংশোধিত ডিপিপি অনুসারে মোট ব্যয় প্রাক্কলন ২২৯৮৮.৫৩ লক্ষ টাকার মধ্যে রাজস্ব ব্যয় ৩৭৪.৮০ লক্ষ টাকা এবং মূলধন ব্যয় ২১৮৩৬.৩৪ লক্ষ টাকা নির্ধারিত হয়। নির্মিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স ভবন পরিদর্শকালে দেখা যায় যে, কয়েকটি ফ্লোর বেসরকারি প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করা হয়েছে। অপরদিকে ৩য় ও ৪র্থ তলা রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্পের প্রকল্প অফিস হিসেবে ভাড়া দেয়া হয়েছে। উক্ত প্রকল্প হতে উক্ত ফ্লোরে ডেকোরেশন কাজ চলমান দেখা যায়। ভাড়া প্রদান বিষয়ে অবশ্যই প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন চুক্তি পত্র অনুসারে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

**১৯. ক্রয় পর্যালোচনা:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ২২৯৮৮.৫৩ লক্ষ টাকায় অনুমোদিত হয়। এর মধ্যে রাজস্বখাতে ৩৭৪.৮০ লক্ষ টাকা ও মূলধনখাতে ২১৮৩৬.৩৪ লক্ষ টাকা। মূলধনখাতে অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র, আবাসিক ভবন, স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ, সীমানা প্রাচীর ও গেট, অভ্যন্তরীণ রোড, আরবরি কালচার, বহিস্থ: বিদ্যুতায়ন ও বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় করা হয়। প্রকল্পটির মূলধনখাতে অফিস যন্ত্রপাতি বাবদ ব্যয় প্রাক্কলন নির্ধারিত ছিল ২২.০০ লক্ষ টাকা কিন্তু এই অফিস খরচের বিষয়ে একক মূল্যের ব্যয় বিভাজন

ডিপিপিতে উল্লেখ করা হয়নি। অপরদিকে ফার্ণিচার ব্যয় বাবদ ১০৭৪.৩৮ লক্ষ টাকা ধরা হলেও কী কী ফার্ণিচার ক্রয় করা হবে তার কোন বিবরণ ডিপিপিতে উল্লেখ করা হয়নি যা ব্যয় শুদ্ধতার ঘাটতি দেখা যায়। প্রকল্পটির সর্বশেষ সংশোধন অনুযায়ী মোট ক্রয় পরিকল্পনা বিবরণ মতে পণ্য প্যাকেজ-৮টি, কার্য প্যাকেজে ২৩টি, সেবা প্যাকেজে ৪টি হিসেবে মোট প্যাকেজ সংখ্যা ৩৫টি। ডিপিপি অনুসারে পণ্য প্যাকেজ মোট ২৬৪৩.১৬ লক্ষ টাকা, কার্য প্যাকেজ ১৯২৬৯.৮২ লক্ষ টাকা ও সেবা প্যাকেজ ১০৪.০৪ লক্ষ টাকা। ডিপিপি পর্যালোচনান্তে দেখা যায় যে, প্রকল্পের আওতায় অফিস সরঞ্জাম, আসবাবপত্র, সরবরাহ ও সেবা খাতে ক্রয়ের নিমিত্ত যে ব্যয় প্রাক্কলন করা হয়েছে তার কোন সূত্র/মাধ্যম হতে দেখা হয়েছে তা উল্লেখ নেই।

২০. **পণ্য, কার্য ও সেবা কার্য সংক্রান্ত তথ্য:**

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender/Bid/proposal Cost (in crore Taka) | | Tender/Bid/proposal | | Date of completion of works/servics and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per PP | Contracted Value | Invitation Date | Contract signing/L.C opening date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| WD2: Construction Works (basement to 3rd floor) | ৫৭৯২.৬৩০ | ৫৭৯২.৬৩ | ৩০ সেপ্টেম্বর/২০১৪ | ১২ ফেব্রুয়ারি/২০১৫ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| WD3: Auditorium Ellipse like Doom with space frame and roofing materials etc. All complete (Design & Built as per architectural design) | ২৩৮৬.০০০ | ২৩৮৬.০০ | ১৪ ডিসেম্বর/২০১৬ | ০৩ মে/২০১৭ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| WD-4: Construction Works (4th to 12th floor) | ৭৮৪১.৩০০ | ৭৮৪১.৩০ | ২৬ এপ্রিল/২০১৬ | ২০ ডিসেম্বর/২০১৬ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| GD-1: Supply, Installation, Testing & Commissioning of 5 Nos Lift (3 Nos 14 Stop 1000kg Passenger lift, 1 No 13-stop 1250kg Stretcher Cum passenger Lift, 1 no 13-stop 1250 kg Fireman Lift) (19/17-18) | ৪৭৫.০০০ | ৪৭৫.০০ | ২২ অক্টোবর/২০১৭ | ০৪ জানুয়ারি/২০১৮ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| GD-4: Supply, Installation, DEhumidier &Water heater & Fire Extinguisher | ৩৮২.০০০ | ৩৮২.০০ | ২১ জুন/২০১৮ | ২৩ জুলাই/২০১৮ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender/Bid/proposal Cost (in crore Taka) | | Tender/Bid/proposal | | Date of completion of works/servics and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per PP | Contracted Value | Invitation Date | Contract signing/L.C opening date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| &Electrical Maintence Equipments (03/2018-19) | | | | | | |
| GD-5: Supply, Installation, Testing & Commissoning of Video Wall for Auditorium & Multipurpose Hall | ৪১০.০০০ | ৪১০.০০ | ৩০ এপ্রিল/২০১৮ | ১৪ জুন/২০১৮ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| GD-8: Supply & Installation of Television Refrigerator &Gymnasium Instrument for International Dormitory &Kitchen hood Restaurant. | ৩৬৪.০০০ | ৩৬৪.০০ | ১৯ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| WD-16: Supply, Installation, Testing &Commissioning of Stage decoration &Certain System, stage Light &Sound System, of Auditorium and Multipurpose Hall (01/18-19) | ৩৫৭.০০০ | ৩৫৭.০০ | ১৯ মে/২০১৮ | ০৩ জুলাই/২০১৮ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |
| WD-19: Supply, Installation, Testing &Commissioning of Fire Detection &Protection System | ৩২৯.০০০ | ৩২৯.০০ | ১১ জানুয়ারি/২০১৮ | ০৭ ফেব্রুয়ারি/২০১৮ | ৩০ জুন/২০১৯ | ৩০ জুন/২০১৯ |

** পিসিআর হতে প্রাপ্ত।

**২১. পরিবেশের উপর প্রভাব:** যেহেতু প্রস্তাবিত প্রকল্পটি বিজ্ঞান ও প্রযুক্তির জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে। তাই মানুষ প্রকৃতি সম্পর্কে আরও জানতে পারে যা পরিবেশের সমস্যা সম্পর্কে সচেতনতা তৈরির কারণে পরিবেশের উপর ইতিবাচক প্রভাব ফেলবে।

**২২. সয়েল টেস্ট ও মেটেরিয়াল টেস্ট:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের ক্ষেত্রে সয়েল টেস্ট ও মেটেরিয়াল টেস্ট করা হয়েছে মর্মে গণপূর্ত বিভাগ জানায়। তবে প্রমাণক হিসেবে কিন্তু পরীক্ষাগত রিপোর্ট চাওয়া হয়। গণপূর্তের সংশ্লিষ্ট কর্মকর্তা প্রেরণ করবেন বলে স্বীকার করে থাকলেও তা পাওয়া যায়নি।

২৩. **ভূমি অধিগ্রহণ, Reselttlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হাল নাগাদ তথ্য:**

(ক) ভূমি অধিগ্রহণ : বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণকালে শেরেবাংলা নগর, আগারগাঁও প্রশাসনিক এলাকার ই-১৩/ডি (০.৬২৭ একর) ও ই-১৩/ই (০.৬২৭ একর) নম্বর প্লট দুটিকে একীভূত করে মোট ১.২৫৪ একর জমি লীজ দলিলের মাধ্যমে শর্তসাপেক্ষে বিজ্ঞান এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অনুকূলে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রদান করা হয়।

(খ) ভূমি অধিগ্রহণ করা হয়নি বিধায় পুনর্বাসন (Resettlement) এর বিষয় জড়িত নয়।

(গ) Utility সংযোগ: বিদ্যুৎ পানি ও গ্যাস সংযোগের প্রয়োজন হয়নি।

**২৪. অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:** প্রকল্পটি গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়ন হয়েছে। গণপূর্ত অংশের কাজের অভ্যন্তরীণ অডিট ঐ দপ্তরে সম্পাদন হয়ে থাকে তবে বছর বছর প্রকল্পটির এক্সটার্নাল অডিট যথাযথাভাবে সম্পাদিত হয়েছে মর্মে জানানো হয়। বেতন ভাতা, গাড়ি ভাড়া, বৈদেশিক প্রশিক্ষণ, অফিস সরঞ্জামাদী ও সেবা সংক্রান্ত ক্রয় ব্যতীত অন্য সকল খরচ সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ কর্তৃক করা হয়েছে। সে কারণে কোন মেজর আপত্তি প্রকল্প পরিচালক অফিসে উত্থাপিত হয়নি মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। গণপূর্ত বিভাগ কর্তৃক প্রকল্প কাজ সংশ্লিষ্ট আর্থিক ব্যয়ের বিষয়ে অডিট সংক্রান্ত কার্যপত্র চাওয়া হলে তা পাওয়া যায়নি। উদ্যোগী সংস্থা হিসেবে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃপক্ষ অডিট সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করতে পারেন।

**২৫. তথ্যগত অসামঞ্জস্যতা:** প্রকল্পটি ২২৯৮৮.৫৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৪ হতে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সে মতে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন আদেশে অংগভিত্তিক ব্যয় অংশে রাজস্বাখাতে ৩৭৪.৮০ লক্ষ টাকা এবং মূলধনখাতে ২১৮৩৬.৩৪ লক্ষ টাকা নির্ধারণ করা আছে। সে মতে মোট বরাদ্দ দাড়ায় ২২৯০৯.৮৪ লক্ষ টাকা। পিসিআর এর Implemantation position অংশের ০২ অনুচ্ছেদে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২২৯৮৮.৫৩ লক্ষ টাকা এবং প্রকৃত ব্যয় ২২২০৯.৮৪ লক্ষ টাকা উল্লেখ করা আছে। অপরদিকে অংগভিত্তিক অগ্রগতি অংশের ৫নং ক্রমিকে রাজস্বখাতে বরাদ্দ দেখানো হয়েছে ২৪৭.০৯ লক্ষ টাকা এবং মূলধন খাতে ২১৮৩৬.৩৪ লক্ষ টাকা দেখানো হয়েছে। সে হিসেবে রাজস্বখাতে ও মূলধনখাতের মোট ২২২১১.১৪ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে। যা সঠিক নয় মর্মে প্রতীয়মান অপরদিকে সংশোধিত ডিপিপিতে পরামর্শক সেবা, ব্যবস্তাপনা খরচ, প্রশিক্ষণ, বৈদেশিক প্রশিক্ষণ, অন্যান্য মনোহারী, কম্পিউটার যন্ত্রাংশ, মুদ্রন ও বাধাই খাতসমূহ রাজস্বখাতে অন্তুর্ভুক্তভাবে দেখানো হয়েছে কিন্তু এই সমস্ত খাতসমূহকে মূলধনখাতে প্রদর্শন করা হয়েছে যা নিময়বদ্ধ হয়নি। সে বিবেচনায় পিসিআর এ অংগভিত্তিক হিসাব বিবরণীটি সঠিক ও ডিপিপি অনুসারে প্রদর্শন করা হয়নি। এ বিষয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সংশ্লিষ্ট কর্মকর্তাকে এটি সংশোধন/মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলে পত্র আকারে চাওয়ার জন্য বলা হয়। প্রকল্প পরিচালকেও বিষয়টি অবহিত করা হয় কিন্তু এ বিষয়ে কোন সদুত্তর পাওয়া যায়নি। তবে এটি সংশোধন করা প্রয়োজন।

**২৬. পিআইসি সভা:** ডিপিপি অনুযায়ী প্রকল্প মেয়াদকালে মোট ৫৪টি সভা অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছিল। বছরভিত্তিক কতগুলো পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে সে সংক্রান্ত তথ্য চাওয়া হলে তা সরবরাহ করা হয়নি।

**২৭. পিএসসি সভা:** ডিপিপি অনুযায়ী প্রকল্প মেয়াদকালে মোট ১৪টি সভা অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছিল। বছরভিত্তিক কতগুলো পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে সে সংক্রান্ত তথ্য চাওয়া হলে তা সরবরাহ করা হয়নি।

**২৮. সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা সংক্রান্ত:**

| সভার তারিখ | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১২/০৬/২০১৯ | ১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের লক্ষ্যে দ্রুততম সময় ভবনের অনিষ্পন্ন কাজ সম্পন্ন করতে হবে;<br>২। চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে;<br>৩। নির্মাণ কাজ সংগৃহীত/সংগৃহীতব্য যন্ত্রপাতির গুণগত মান অক্ষুন্ন রাখতে হবে;<br>৪। ঠিকাদারের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট কাজের বাস্তবায়ন সমাপ্ত করতে হবে;<br>৫। প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ১৪ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের লক্ষ্যে দ্রুততম সময় ভবনের অনিষ্পন্ন কাজ সম্পন্ন করা হয়েছে;<br>২। চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থের শতভাগ ব্যয় করা হয়েছে;<br>৩। নির্মাণ কাজ সংগৃহীত/সংগৃহীতব্য যন্ত্রপাতির গুণগত মান অক্ষুন্ন রাখার ব্যবস্থা নেয়া হয়েছে;<br>৪। ঠিকাদারের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট কাজের বাস্তবায়ন সমাপ্ত হয়েছে;<br>৫। প্রকল্পের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |

** প্রকল্প অফিস হতে প্রাপ্ত।

**২৯. প্রকল্পের জনবল সংক্রান্ত তথ্য:**

| ক্রমিক | **ডিপিপি অনুযায়ী** | **প্রকল্প বাস্তবায়নকালে** |
|---|---|---|
| ১। | প্রকল্প পরিচালক (গ্রেড-৩)-০১ জন | প্রকল্প পরিচালক (গ্রেড-৩)-০১ জন |
| ২। | উপ-প্রকল্প পরিচালক (গ্রেড-৫) -০১ জন | উপ-প্রকল্প পরিচালক (গ্রেড-৫) -০১ জন |
| ৩। | হিসাব রক্ষক-০১ জন (গ্রেড-১৩) | হিসাব রক্ষক-০১ জন (গ্রেড-১৩) |
| ৪। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) -০১ জন | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) -০১ জন |
| ৫। | অফিস সহায়ক (গ্রেড-২০) -০১ জন | অফিস সহায়ক (গ্রেড-২০) -০১ জন |

৩০. **সম্পদ বহি:** সরকারি সম্পত্তির সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণের স্বার্থে একটি সম্পদ বহি থাকা প্রয়োজন। এই প্রকল্পের আওতায় যে সমস্ত অফিস যন্ত্রপাতি, আসবাবপত্র, বৈদ্যুতিক সরঞ্জামাদি ইত্যাদি সংগ্রহ করা হয়েছে এই সমস্ত দ্রব্যাদির গায়ে প্রকল্পের নাম খচিত করে কোন কোন দপ্তরে ব্যবহৃত হচ্ছে আর একটি সম্পদ বিবরণী প্রস্তুত করা প্রয়োজন। উক্তি বহির এক কপি প্রশাসনিক দপ্তরে সংরক্ষণ করা যেতে পারে।

৩১. **টিওএন্ডইভুক্ত করণ:** প্রকল্প সমাপ্তির পর সংগৃহীত অফিস সরজঞ্জামাদি, আসবাবপত্র ও অন্যান্য মালামাল টিওএন্ডইভুক্ত করার কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি মর্মে জানানো হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস আদেশ অনুসারে এ প্রকল্পের

আওতায় সংগৃহীত অফিস সরঞ্জামাদি, আসবাবপত্র ও মালামাল টিওএন্ডইতে অর্ন্তভুক্ত করা প্রয়োজন। জরুরিভিত্তিতে ঐ সমস্ত দ্রব্যাদি টিওএন্ডইভুক্তকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা সমীচীন।

৩২. **রেকর্ডপত্র সংরক্ষণ**: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নকারী সংস্থা হিসেবে গণপূর্ত অধিদপ্তর নিযুক্ত ছিল। নির্মাণ সংক্রান্ত কাজের ক্ষেত্রে সংশ্লিষ্ট নথি পত্র চাওয়া হলে সে সমস্ত কাজগপত্রাদি বিজ্ঞান যাদুঘরের সংরক্ষণ করা হয়নি। তবে অডিট বিষয়ে কাজগপত্র চাওয়া হলে সংশ্লিষ্ট দপ্তর হতে তা পাওয়া যায়নি। গণপূর্ত অধিদপ্তরে আছে মর্মে জানানো হয়। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সম্পাদিত নির্মাণ কাজ ও সেনিটেশন, পানি সরবরাহ এবং অন্যান্য নির্মাণ সংশ্লিষ্ট কাজের ক্ষেত্রে যে সকল নথি ও কাগজপত্র আছে ভবিষ্যৎ জরুরি প্রয়োজনে ঐ সমস্ত কাগজপত্রসমূহ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর এর প্রশাসনিক দপ্তরে সংরক্ষণ করা প্রয়োজন।

৩৩. **ফিজিবিলিটি স্ট্যাডি:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন শীর্ষক সমাপ্ত প্রকল্পটি গ্রহণের পূর্বে কোন ফিজিবিলিটি স্ট্যাডি/সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি। প্রকল্পটি গ্রহণের যে সকল উদ্দেশ্য যেমন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত কার্যক্রমের সম্প্রাসারণে স্থায়ী অবকাঠামো নির্মাণ, বিজ্ঞান একাডেমি ও বিজ্ঞান বিষয়ক অন্যান্য সংগঠন/সমিতি ক্লাব ইত্যাদির জন্য স্থায়ী প্লাটফর্ম তৈরি, বিজ্ঞান ও প্রযুক্তি মেলা আয়োজন, বিজ্ঞান অলিম্পিয়ার্ড এবং বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত জাতীয়/আন্তজার্তিক সভা, সম্মেলন, সিম্পোজিয়াম ও অন্যান্য অনুষ্ঠান আয়োজনে বিষয় সংশ্লিষ্ট ছিল, কিন্তু বাস্তবে যে সকল উদেশ্য পুরোপুরি অর্জন করা সম্ভব হয়নি। ভবন নির্মাণের পর প্রায় ৩ বছর ৮মাস অতিবাহিত হলেও ভবনের অনেক ফ্লোর অব্যবহৃত অবস্থায় রয়েছে মর্মে সরেজমিন পরিদর্শনে দেখা গেল। সে ক্ষেত্রে সম্ভাব্যতা সমীক্ষাপূর্বক প্রকল্প গ্রহণ করা হলে এর উদ্দেশ্য পুরোপুরি বাস্তব সম্ভব হতো মর্মে প্রতীয়মান হয়।

৩৪. **অগ্নিনির্বাপক ব্যবস্থা:** এ প্রকল্পের আওতায় ভবন নির্মাণের ক্ষেত্রে ফায়ার ডিটেকশন ও প্রোটেকশ সিস্টেম স্থাপন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে উক্ত অগ্নিনির্বাপক সিস্টেম নির্মাণের পর পরীক্ষামূলক ব্যবহার করা হয়নি। তাছাড়া ফায়ার স্টিংগুইশারসমূহ পরীক্ষা করে ব্যবহার উপযোগিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা জরুরি। স্বরাষ্ট মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ হতে জারীকৃত ২৬ জানুয়ারি ২০২১ তারিখে পত্র নং-৪৭ অনুসারে অগ্নিনিরাপত্তার স্বার্থে পূনাংগ ফায়ার সেফটি প্ল্যান অনুযায়ী অগ্নিনির্বাপক সরঞ্জামাদি নিয়মিত পরীক্ষাপূর্বক ত্রুটি বিচ্যুতি অপসারন এবং সাভিসিং করার একান্ত আবশ্যক। এ বিষয়ে প্রশাসনিক সংস্থা জরুরি ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৩৫. **জনবল নিয়োগ:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন এই অফিসের জন্য বিভিন্ন ক্যাটাগরির মোট ২১ জন জনবলের পদ সৃজনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ হতে সম্মতি পাওয়া যায়। অপরদিকে সহায়ক জনবল হিসেবে ১৫টি পদের জনবল আউটসোসিং মাধ্যমে নিয়োগের অনুমোদন পাওয়া যায়। সে ক্ষেত্রে প্রয়োজনের নিরিখে বর্তমানে ১৩জন নিয়োজিত আছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। রাজস্ব বাজেটের আওতায় সম্মতি প্রাপ্ত ২১টি পদের জনবল নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান নিয়োগ বিধিতে প্রস্তাবিত পদসমূহের সংস্থান না থাকায় প্রশাসনিক মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া যায়নি মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। তবে পদসমূহ দ্রুত পুরণের নিমিত্ত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পুনরায় প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে অবহিত করা হয়। প্রকল্পটি বাস্তবায়ন কাজ টেকসই করার লক্ষ্যে প্রকল্পের উক্ত জনবলসমূহ দ্রুত নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

**৩৬. প্রকল্পের উদ্দেশ্যে ও অর্জন:**

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ১. একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা প্রদানের মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি কার্যক্রম প্রচার; | ১. একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা প্রদানের মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি কার্যক্রম গ্রহণ করা হচ্ছে; |
| ২. বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত একাডেমি, সমিতি, ক্লাব এবং বিজ্ঞান সম্পর্কিত অন্যান্য সংস্থাগুলির জন্য একটি স্থায়ী প্ল্যাটফর্ম প্রতিষ্ঠা করা এবং তাদের একই প্ল্যাটফর্মে আনা; | ২. মূল উদ্দেশ্য এখনো অর্জিত হয়নি। বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত বিভিন্ন সংস্থাগুলোকে একটি স্থায়ী প্ল্যাটফর্ম প্রতিষ্ঠা করার কার্যক্রম চলমান এবং তাদের একই প্ল্যাটফর্মে আনা প্রচেষ্টা অব্যহত রয়েছে; |
| ৩. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড এবং অনুরূপ অন্যান্য কার্যক্রম আয়োজনের জন্য একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা তৈরি করা; | ৩. জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, বিজ্ঞান অলিম্পিয়াড এবং অনুরূপ অন্যান্য কার্যক্রম আয়োজনের মাধ্যমে একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা তৈরি হয়েছে। ২টি অত্যাধুনিক অডিটরিয়াম স্থাপিত হয়েছে। তবে এটির কার্যকর ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন; |
| ৪. জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম এবং অন্যান্য বিজ্ঞান সম্পর্কিত সভা আয়োজনের জন্য উপযুক্ত সুবিধা প্রদান করা। | ৪. জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম এবং অন্যান্য বিজ্ঞান সম্পর্কিত সভা আয়োজনের জন্য উপযুক্ত সুবিধা প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

৩৭. **নীতিমালা:** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স নির্মিত ভবনের ৩টি ফ্লোর বিজ্ঞান ভিত্তিক কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট এবং অপর ৩টি ফ্লোর রুপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের অনুকূলে ভাড়া দেয়া হয়েছে মর্মে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। সরেজমিনে পরিদর্শনকালে এর বাস্তবতা লক্ষ্য করা যায়। সে হিসেবে মোট ৬টি ফ্লোর ভাড়া দেয়া হয়েছে। এ বিষয়ে চুক্তি স্বাক্ষর ও অন্যান্য আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হয়েছে মর্মে জানানো হয়। তবে ভবিষ্যতে অনাকাংখিত পরিস্থিতি এড়ানোর জন্য ভাড়া প্রদানের বিষয়ে একটি নীতিমালা থাকা প্রয়োজন। বিজ্ঞান কমপ্লেক্সটি ভাড়া বাবদ প্রাপ্ত আয়ের অর্থ সঠিকভাবে হিসাবে জমা করতে হবে এবং প্রতি ৬মাস অন্তর প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করা আবশ্যক।

**৩৮. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্র:**



**জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণ প্রকল্প পরিদর্শন।**

| | |
|---|---|
| | |
| **জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ভবন নির্মাণ  সমাপ্ত প্রকল্পের আওতায় নির্মিত ভবন।** | |

**৩৯. সুপারিশ/মতামত:**

ক) প্রকল্পটি ডিপিপি অনুসারে বাস্তবায়ন হয়েছে। প্রকল্প বাস্তবায়নের ফলে উদ্দ্যেশ্য অনেকাংশে পূর্ণ হয়েছে;

খ) প্রকল্পটির বাস্তবায়নে Cost overun হয়েছে ১২৩.২২% এবং টাইমওভার রান হয়েছে ১২৪.১৪%। প্রকল্পটি ১ম সংশোধিত ও মেয়াদ বৃদ্ধিসহ ১ম আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয় হিসেবে মোট ২ বার সংশোধন করা হয়েছে। ভবিষ্যতে মাঠ পর্যায়ে বাস্তবতার আলোকে ডিপিপি প্রণয়নপূর্বক প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে মূল প্রাক্কলিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করার কার্যকর উদ্যোগ গ্রহণ বাঞ্ছনীয়;

গ) প্রকল্পের আওতায় সংগ্রহীত মালামালসমূহের গায়ে প্রকল্পের নাম খচিত করে সম্পদের সুষ্ঠু সংরক্ষণ ও ব্যবহারের নিমিত্ত সম্পদ বহি সংরক্ষণ করতে হবে। উক্ত সম্পদ বহির একসেট প্রশাসনিক সংস্থায় জমা রাখা প্রয়োজন।

ঘ) আলোচ্য প্রকল্পের সংশোধিত রাজস্বখাত ও মূলধনখাতে অংগভিত্তিক ব্যয় বিভাজনের সাথে পিসিআর এর প্রদর্শিত অংগভিত্তিক রাজস্বখাত ও মূলধনখাতের টাকার অংকে অনেক অসামঞ্জ্য স্পষ্ট পরিলক্ষিত হয়। রাজস্ব খাতের কিছু আইটেম মূলধন খাতে পোস্টিং করে হিসাব মিলিয়ে দেখানো হয়েছে। এই আর্থিক তারতম্য বিষয়ে স্পষ্ট ব্যাখ্যা প্রদান ও সংশোধিত মতে উক্ত অংগভিত্তিক ব্যয় বিবরণী এ বিভাগে প্রেরণ করতে হবে;

ঙ) দেশে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যক্রম প্রচার সংক্রান্ত একটি গুরুত্বপূর্ণ ও শিক্ষামূলক প্রকল্প গ্রহণের পূর্বে কোন ফিজিবিলিটি স্ট্যাডি/সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি। ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও প্রকল্প বাস্তবায়ন দীর্ঘ সময়ের আবশ্যকতা দেখা দেয়, যা অপ্রত্যাশিত। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের জুন, ২০২২ তারিখের পরিপত্র অনুযায়ী ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে অভিজ্ঞ, নিরপেক্ষ ও পেশাদারি প্রতিষ্ঠান/ব্যক্তি পরামর্শক কর্তৃক আবশ্যিকভাবে সম্ভাব্যতা সমীক্ষা করা বাঞ্ছনীয়;

চ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পাদিত নির্মাণ সংক্রান্ত নথিপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র উদ্যোগী সংস্থা হিসেবে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরে সংরক্ষণে নেই। ভবিষ্যতে ভবনের সংস্কার ও নির্মাণ

সংক্রান্ত ক্ষেত্রে গণপূর্ত বিভাগ হতে নির্মাণ সংক্রান্ত সকল নথিপত্র ও কাগজাদি প্রশাসনিক সংস্থা হিসেবে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরে সংরক্ষণ করতে হবে;

ছ) প্রকল্প বাস্তবায়নের ফলে এটি টেকসই করার স্বার্থে আবশ্যক স্থায়ী জনবল নিয়োগ করা প্রয়োজন। ইতোমধ্যে সৃজনকৃত পদে জনবল নিয়োগের নিমিত্ত প্রশাসনিক মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহণপূর্বক দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা দরকার;

জ) নির্মিত বিজ্ঞান কমপ্লেক্স ভবনটির ফ্লোর ব্যবহার/ভাড়া প্রদানের নিমিত্ত একটি নীতিমালা প্রণয়ন করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হল। কমপ্লেক্সটি ভাড়া হতে প্রাপ্ত অর্থ সঠিক হিসাবখাতে জমা নিশ্চিত করা প্রয়োজন এবং প্রতি ৬ মাস অন্তর হিসাব প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

ঝ) প্রকল্প বাস্তবায়নে উদ্যোগী বিভাগ হতে নির্মাণ কাজ গণপূর্ত বিভাগ কর্তৃক সম্পন্ন করা হয়। আর্থিক শৃংখলা বজায় রাখার স্বার্থে অডিট করা হয়। অডিটের কোন রিপোর্ট পাওয়া যায়নি। গণর্পূত বিভাগ কর্তৃক এই খাতে ব্যয়ে অডিট সংক্রান্ত উত্থাপিত আপত্তি ও সংক্রান্ত নিষ্পত্তির তথ্যাদি সংগ্রহপূর্বক এ বিভাগে প্রেরণ করতে হবে।

৪০. সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/ সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১৫/০৭/২০২৩ তারিখের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।